আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি

……

এমরানের স্ত্রী যখন বললো-হে আমার পালনকর্তা! আমার গর্ভে যা রয়েছে আমি তাকে তোমার নামে উৎসর্গ করলাম সবার কাছ থেকে মুক্ত রেখে।

সূরা আল ইমরান- ৩৫

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ১৭ এপ্রিল ২০২৬ ॥ ২৮ শাওয়াল ১৪৪৭ ॥ ০৪ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩২৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

এ্যাঙ্কর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

‘স্বাধীনতা পুরস্কার-২০২৬’ হস্তান্তর করলেন প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ দেশের ১৫ জন বিশিষ্ট ব্যক্তি ও পাঁচ প্রতিষ্ঠানকে ২ এর পাতায় দেখুন

হাইকোর্ট বিভাগে ৬৩ বেঞ্চ গঠন করলেন প্রধান বিচারপতি

কীর্তনখোলা ডেস্ক

দীর্ঘ ছুটির পর নিয়মিত বিচারকাজে ফিরতে যাচ্ছে দেশের সর্বোচ্চ আদালত। আগামী রবিবার (১৯ এপ্রিল) সকাল সাড়ে ২ এর পাতায় দেখুন

গণভোটের রায় বাস্তবায়নে ১৫ দিনের কর্মসূচি দিলো জামায়াতসহ ১১ দল

কীর্তনখোলা ডেস্ক

জুলাই সনদ অনুযায়ী সংস্কারের জন্য গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে আগামী ১৮ এপ্রিল থেকে ২ মে পর্যন্ত ১৫ দিনের ২ এর পাতায় দেখুন

বারের নির্বাচন স্থগিতের কারণ জ্বালানি সংকট নাকি দলীয়করণ?

কীর্তনখোলা ডেস্ক

বিদ্যুৎ সংকটের কারণে সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের নির্বাচন স্থগিত করা হয়েছে উল্লেখ করে জাতীয় সংসদে ২ এর পাতায় দেখুন

বরিশালে স্মরণকালের ভয়াবহ লোডশেডিং

কীর্তনখোলা রিপোর্ট



চাহিদার তুলনায় সরবরাহ কমে যাওয়ায় বরিশালে তীব্র বিদ্যুৎ সংকট দেখা দিয়েছে। এতে ঘনঘন লোডশেডিংয়ে অতিষ্ঠ হয়ে পড়েছেন নগর ও জেলার বাসিন্দারা। বিদ্যুৎ বিভাগ বলছে, চাহিদা অনুযায়ী বিদ্যুৎ না পাওয়ায় ঘনঘন লোডশেডিং করা হচ্ছে। জানা গেছে, বরিশাল-ঝালকাঠি ও পিরোজপুর জেলার একাংশের বিদ্যুৎ সরবরাহ নিয়ন্ত্রিত হয় বরিশালের ২টি গ্রিড সাব-স্টেশন থেকে। এখানে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা প্রায় ২৮০ মেগাওয়াট। তবে বিদ্যমান দুই সাব-স্টেশনের সক্ষমতা এখনো সেই চাহিদা পূরণে যথেষ্ট নয়। বিদ্যুৎ বিভাগ থেকে পাওয়া তথ্যানুযায়ী, প্রতিবছর গ্রীষ্মে তাপমাত্রা ৩৫ ডিগ্রি ছাড়ালেই কেবল এত বিদ্যুৎ দরকার হয় এখানে। বুধবার বরিশালে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। এই সময়ে বিদ্যুতের মোট চাহিদা ছিল প্রায় ২৫০ মেগাওয়াট। অথচ দুদিন পিক আওয়ারে ১৫০ মেগাওয়াট করে পাচ্ছে বরিশাল। বাকি ১০০ মেগাওয়াটের চাহিদা সামাল দিতে চলছে লোডশেডিং। বরিশাল নগরীতে থাকা ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির দুটি বিভাগ সূত্রে পাওয়া তথ্যানুযায়ী, এখানে ৩৫টি ফিডারের মাধ্যমে সরবরাহ করা হয় বিদ্যুৎ। নগরীতে থাকা এই ৩৫টি ফিডারে বর্তমানে বিদ্যুতের মোট চাহিদা ৯৫ মেগাওয়াট। কিন্তু বুধবার দুপুর থেকে ৬০ মেগাওয়াটের বেশি আসছে না জাতীয় গ্রিড থেকে। ফলে প্রতিটি ফিডারে গড়ে ৪ থেকে ৫ ঘণ্টার বেশি সময় বন্ধ রাখা হচ্ছে বিদ্যুৎ। বরিশালের দুটি গ্রিড সাব-স্টেশন থেকে বরিশাল ছাড়াও বিদ্যুৎ যায় ঝালকাঠি, মাদারীপুরের একাংশ ও পিরোজপুরের স্বরূপকাঠিতে। ঝালকাঠি জেলা সদর ও নলছিটি উপজেলা মিলিয়ে বিদ্যুতের চাহিদা ১২ মেগাওয়াট। স্বরূপকাঠিতে অবশ্য চাহিদা খুব একটা বেশি নয়। বরিশালের দুটি গ্রিড সাব-স্টেশন থেকে বরিশাল নগরী ও জেলার ৯টি উপজেলাসহ মাদারীপুরের কিছু এলাকায়ও বিদ্যুৎ যায়। এসব উপজেলার বিদ্যুৎ সরবরাহ আবার নিয়ন্ত্রণ করে পল্লী বিদ্যুৎ সমিতি। এছাড়া বাকেরগঞ্জে থাকা গ্রিড সাব-স্টেশনের মাধ্যমে ১৫/২০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয় ওই উপজেলা ও সংলগ্ন কিছু এলাকায়। বরিশালে যে দুটি গ্রিড সাব-স্টেশন রয়েছে, তার মধ্যে রূপাতলী সাব-স্টেশনের আওতাধীন এলাকায় বুধবার বিকেল ৩টায় বিদ্যুতের মোট চাহিদা ছিল প্রায় ১২০ মেগাওয়াট। এর বিপরীতে জাতীয় গ্রিড থেকে তারা পেয়েছে ৮৯ মেগাওয়াটের কিছু বেশি। একই সময়ে কাশিপুর কলাডেমা সাব-স্টেশন চাহিদার ১৩০ মেগাওয়াটের বিপরীতে পেয়েছে ৬৬ মেগাওয়াট। হিসেব অনুযায়ী সরবরাহ কম ছিল প্রায় ৯৫ মেগাওয়াট। এক্ষেত্রে নগরাঞ্চলে চাহিদার প্রায় ৭০ ভাগ ২ এর পাতায় দেখুন

বরিশালে স্পিকার হাফিজ

গণতন্ত্র ছাড়া বাংলাদেশের মুক্তি সম্ভব না

কীর্তনখোলা রিপোর্ট

জাতীয় সংসদের স্পিকার মেজর (অবসরপ্রাপ্ত) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম বলেছেন, গণতন্ত্র ছাড়া বাংলাদেশের মুক্তি বা সমৃদ্ধি সম্ভব নয়। গণতান্ত্রিক ব্যবস্থা আরও দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করে দেশের অর্থনৈতিক অগ্রগতি অর্জন করা সম্ভব। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) ভোলা সফরের অংশ হিসেবে দুপুর ১২টায় বরিশাল সার্কিট হাউজে অবস্থানকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। হাফিজ উদ্দিন আহমদ বলেন, নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে যে সংসদ গঠিত হয়েছে, সেই সংসদ বাংলাদেশকে সামনের দিকে এগিয়ে নিতে সক্ষম হবে। স্পিকার বলেন, বর্তমানে পড়াশোনা ও খেলাধুলার থেকে রাজনীতির প্রতি মানুষের বেশি আকর্ষণ।

২ এর পাতায় দেখুন

বরিশাল নগরীর বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নে মতবিনিময় সভা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর বর্জ্য ব্যবস্থাপনার আধুনিকায়ন এবং পরিবেশগত উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে বরিশাল সিটি করপোরেশন (বিসিসি) ও আন্তর্জাতিক সংস্থা প্র্যাকটিক্যাল অ্যাকশনের যৌথ উদ্যোগে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) সকাল ৯টায় নগরীর সার্কিট হাউজের সম্মেলন কক্ষে ‘ইন্টিগ্রেটেড ওয়েস্ট ম্যানেজমেন্ট’ (সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা) বিষয়ক এ সভা অনুষ্ঠিত হয়। সভায় বিসিসি প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, ‘বরিশালকে একটি পরিচ্ছন্ন ও পরিবেশবান্ধব নগরী হিসেবে

২ এর পাতায় দেখুন

সংবিধান সংশোধনের মাধ্যমে জুলাই সনদ বাস্তবায়নের চেষ্টা করা হবে

ভোলা প্রতিনিধি

জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বলেছেন, আগামী দিনে সংবিধান সংশোধনের মাধ্যমে জুলাই সনদের বাস্তবায়নের চেষ্টা করা হবে। গতকাল (বৃহস্পতিবার, ১৬ এপ্রিল) দুপুরে তিন দিনের রাষ্ট্রীয় সফরে ভোলায় এসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বলেন, ‘রাষ্ট্রের সংবিধান কোনো ব্যক্তি বা গোষ্ঠী এককভাবে পরিবর্তন করতে পারে না, কেবল জনগণের ভোটে নির্বাচিত জনপ্রতিনিধিরাই তা করতে পারেন।’ স্পিকার বলেন, ‘জনগণ যাদের ভোটের মাধ্যমে

২ এর পাতায় দেখুন

৪ লাখ ৬৮ হাজার সরকারি পদ শূন্য, নিয়োগে আসছে বড় পরিবর্তন

কীর্তনখোলা ডেস্ক

বর্তমানে সরকারি চাকরির বিভিন্ন গ্রেডে ৪ লাখ ৬৮ হাজার ২২০টি পদ শূন্য রয়েছে বলে জাতীয় সংসদে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী আবদুল বারী। এসব শূন্যপদ পূরণে এরইমধ্যে স্বল্প ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা নেওয়া হয়েছে। পাশাপাশি বিসিএসসহ সরকারি চাকরির নিয়োগ প্রক্রিয়ায় মুখস্থ নির্ভর সিলেবাস বাদ দিয়ে ‘দক্ষতাভিত্তিক’ মূল্যায়ন পদ্ধতি চালুর উদ্যোগ নিয়েছে সরকার। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) জাতীয় সংসদে স্পিকারের অনুমতি ও ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে প্রশ্নোত্তর টেবিলে এ তথ্য উত্থাপন করা হয়। সরকার

২ এর পাতায় দেখুন

বরিশাল বিশ্ববিদ্যালয়

খাতা মূল্যায়নে কারচুপির অভিযোগ এনে শিক্ষার্থীর আমরণ অনশন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিশ্ববিদ্যালয় অবকাঠামোগত উন্নয়ন চাই
এবং আমার পরীক্ষার খাতার সঠিক মূল্যায়ন চাই
শাকিব মিয়া
আমরণ অনশন
কর্মসূচী
বরিশাল বিশ্ববিদ্যালয় অবকাঠামোগত উন্নয়নে আন্দোলনে অংশগ্রহণ করে নেতৃত্ব দেওয়ায় তাকে শুধু শুধু ৫ বিষয়ে ফেল এবং ড্রপ আউট করে দেওয়া হয়।

বিভাগীয় চেয়ারম্যানের বিরুদ্ধে ইচ্ছাকৃতভাবে ফেল করিয়ে দেয়ার অভিযোগ তুলে আমরণ অনশনে বসেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী শাকিব মিয়া। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) দুপুর থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-০১ এর নিচতলায় তিনি এই অবস্থান কর্মসূচি শুরু করেন। শাকিব মিয়া ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র। সম্প্রতি প্রকাশিত ফলে দেখা যায়, তিনি ১৩টি বিষয়ের মধ্যে ৫টি বিষয়ে অকৃতকার্য হয়েছেন। এর আগেও প্রথম বর্ষে তিনি দুটি বিষয়ে ফেল করেছিলেন। তবে এবারের ফলাফলকে তিনি স্বাভাবিক হিসেবে মানতে নারাজ। শাকিব মিয়ার দাবি, বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়নের দাবিতে হওয়া আন্দোলনে নেতৃত্ব দেয়ার কারণে তাকে টার্গেট করা হয়েছে। অন্তর্বর্তী সরকারের সময় আমরা যখন উন্নয়নের আন্দোলনে নেতৃত্ব দিচ্ছিলাম, তখন বিভাগের চেয়ারম্যান ড. ধীমান কুমার রায় আমাকে হুমকি দিয়ে বলেছিলেন তুমি আন্দোলনে সবসময় সামনে থাকো, তুমি তো সব বিষয়ে ফেল করবা। রেজাল্ট দেয়ার পর দেখা গেল ঠিকই আমাকে ৫ বিষয়ে ফেল করিয়ে ২ এর পাতায় দেখুন

বাস খাদে পড়ার এক ঘণ্টা পর গর্তে এসে পিকআপের ধাক্কা

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির বরিশাল-পিরোজপুর আঞ্চলিক মহাসড়কের ঝুঁকিপূর্ণ ইছানীল মোড়ে একটি যাত্রীবাহী বাস ও মাছবাহী পিকআপ ভ্যান খাদে পড়ে গেছে। বৃহস্পতিবার ভোরে ঝালকাঠি পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডে আলাদা সময়ে ঘটা এ দুর্ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। স্থানীয় সূত্রে জানা যায়, ভোর সাড়ে ৪টার দিকে ঢাকা থেকে পাথরঘাটাগামী লাবিবা পরিবহনের একটি বাস ইছানীল মোড় ঘুরতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের খাদে পড়ে যায়। বাসটিতে ২০ থেকে ২৫ জন যাত্রী ছিলেন। স্থানীয়রা দ্রুত এগিয়ে এসে যাত্রীদের উদ্ধার করেন। পরে ফায়ার সার্ভিসও উদ্ধার কাজে অংশ নেয়। এর প্রায় এক ঘণ্টা পর ভোর সাড়ে ৫টার দিকে একই স্থানে ভান্ডারিয়াগামী মাছবাহী একটি পিকআপ ভ্যান মোড় ঘোরার সময় নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায়। এ সময় পিকআপটি খাদে থাকা বাসটির পেছনে ধাক্কা দেয়। তবে এ ঘটনাতেও কেউ আহত হননি। ঝালকাঠি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ভারপ্রাপ্ত স্টেশন অফিসার মো. মাহাবুব আলম বলেন, খবর ২ এর পাতায় দেখুন

অধস্তন আদালতে ৪০ লাখ ৪২ হাজার মামলা বিচারাধীন : আইনমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় সংসদে আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, অধস্তন আদালতে ২০২৫ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত ৪০ লাখ ৪১ হাজার ৯২৪টি মামলা বিচারাধীন রয়েছে। তবে এই বিপুল মামলার জট দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তির লক্ষ্যে সরকার বহুমাত্রিক পদক্ষেপ নিয়েছে বলেও জানান তিনি। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) জাতীয় সংসদে ময়মনসিংহ-৬ আসনের বিরোধী দলের সদস্য (জামায়াতে ইসলামী) মো. কামরুল হাসানের এক লিখিত প্রশ্নের জবাবে মন্ত্রী এসব তথ্য জানান। আইনমন্ত্রী বলেন, বিচারপ্রার্থী মানুষের দুর্ভোগ লাঘব ২ এর পাতায় দেখুন

লঞ্চে অজ্ঞাত শিশু উদ্ধার, অভিভাবকের খোঁজ মেলেনি

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে কালাইয়া-ঢাকা নৌরুটে চলাচলকারী ‘এমভি বন্ধন-৫’ নামের একটি দ্বিতল লঞ্চ থেকে অজ্ঞাতপরিচয়ের এক শিশুকে উদ্ধার করা হয়েছে। শিশুটির কোনো ২ এর পাতায় দেখুন

ভাঙ্গা-আমতলী-কুয়াকাটা সড়ক চার লেন করার দাবিতে গণ-অনশন

বরগুনা প্রতিনিধি

বরগুনার আমতলীতে ভাঙ্গা-বরিশাল-কুয়াকাটা সড়ক চার লেন করার দাবিতে গণ-অনশন কর্মসূচি পালিত হয়েছে। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) সকাল থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত কর্মসূচিতে শতাধিক মানুষ উপস্থিত ছিলেন। গণ-অনশন কর্মসূচিতে বক্তব্য দেন সাংবাদিক জাকির হোসেন, যুবনেতা মোমেন আকন, গণঅধিকার পরিষদের সভাপতি মো. সাইদুর রহমান, মো. নুহু ফকির, জাকির হোসেন মিরাজ ও এনসিপির সদস্য ফারদিন প্রমুখ। বক্তারা বলেন, ভাঙ্গা-আমতলী-কুয়াকাটা আঞ্চলিক মহাসড়ক ঝুঁকিপূর্ণ হয়ে উঠছে। পদ্মা সেতু চালু হওয়ার সঙ্গে সঙ্গে যানবাহন চলাচলের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ওই সড়কে দুর্ঘটনা ঘটছে। সড়কটি এখন পরিণত হয়েছে মৃত্যুফাঁদে। আয়োজক কমিটির সদস্য যুবনেতা মো. মোমেন ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

সম্পাদকীয়

প্রয়োজনীয় প্রস্তুতি নিতে হবে

মধ্যপ্রাচ্যের যুদ্ধকে কেন্দ্র করে ইরানের হরমুজ প্রণালি দিয়ে জ্বালানি তেল পরিবহন প্রায় বন্ধ হয়ে যায়। ফলে বিশ্বব্যাপী জ্বালানিসংকট তীব্র আকার ধারণ করে। এর মধ্যেও ইরান কিছু দেশের তেলবাহী ট্যাংকার চলাচলের অনুমতি দিয়ে যাচ্ছিল। এবার হরমুজ প্রণালির মুখে ওমান উপসাগর ও আরব সাগরে অবরোধ আরোপ করে যুক্তরাষ্ট্র। ফলে হরমুজ হয়ে আসা প্রায় সব জাহাজ চলাচল বন্ধ হয়ে যায়। এতে তেলের দাম আবারও বেড়ে গেছে। ব্রেন্ট অপরিশোধিত তেলের প্রতি ব্যারেলের দাম ১০০ ডলারের ওপরে ওঠানামা করছে। এর চেয়ে বড় কথা, সরবরাহ সংকটের কারণে বাংলাদেশসহ মধ্যপ্রাচ্যের তেলের ওপর নির্ভরশীল দেশগুলো চরম বিপদে পড়েছে। বাংলাদেশে জ্বালানি তেলের এই সংকট মোকাবেলায় সরকার নানা ধরনের পদক্ষেপ নিচ্ছে। বিকল্প বিভিন্ন উৎস থেকে তেল আমদানি বাড়িয়েছে। অপরিশোধিত তেলের বদলে পরিশোধিত তেল আমদানি করছে। এতে আমদানি খরচ অনেক বেড়ে গেছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, আগামী জুন পর্যন্ত তেল, গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে প্রায় ৭০ থেকে ৭৫ হাজার কোটি টাকার ভর্তুকি প্রয়োজন। তার পরও পরিস্থিতি মোকাবেলায় তা করতেই হবে। চাপ সামাল দিতে বিদ্যুতের পাইকারি ও খুচরা দাম সমন্বয়েরও উদ্যোগ নিয়েছে সরকার। এ লক্ষ্যে অর্থমন্ত্রীকে আহ্বায়ক করে একটি উচ্চ পর্যায়ের মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে। সরকারি সিদ্ধান্তে এরই মধ্যে অফিস সময় এক ঘণ্টা কমানো এবং দোকানপাট বন্ধের সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। অতিরিক্ত অর্থের জোগান নিশ্চিত করতে ব্যয় সাশ্রয়ের উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারি গাড়ি কেনা, গাড়িতে জ্বালানি ব্যবহার, বিদেশে প্রশিক্ষণসহ ৯টি ক্ষেত্রে সরকারের পরিচালন ব্যয় কমিয়ে পরিপত্র জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। এগুলো হলো সরকারি গাড়িতে মাসিক ভিত্তিতে বরাদ্দকৃত জ্বালানির ব্যবহার ৩০ শতাংশ হ্রাস করতে হবে; সরকারি কর্মকর্তাদের গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ দেওয়া এবং সরকারি অর্থায়নে সব বৈদেশিক প্রশিক্ষণ বন্ধ থাকবে; প্রশিক্ষণ ব্যয় ছাড়া অভ্যন্তরীণ প্রশিক্ষণ ব্যয় ৫০ শতাংশ হ্রাস করতে হবে; সভা বা সেমিনারে আপ্যায়ন ব্যয় ৫০ শতাংশ হ্রাস করতে হবে এবং সেমিনার বা কনফারেন্স ব্যয় ২০ শতাংশ হ্রাস করতে হবে; ভ্রমণ ব্যয় ৩০ শতাংশ হ্রাস করতে হবে; সরকারি খাতে গাড়ি, জলযান, আকাশযান এবং কম্পিউটার ক্রয় শতভাগ হ্রাস করতে হবে ইত্যাদি। অন্যদিকে সরকার পর্যাপ্ত মজুদের কথা বললেও বিভিন্ন ফিলিং স্টেশনে দীর্ঘ সারি দেখা যাচ্ছে। অনেক ক্ষেত্রে চাহিদার তুলনায় কম তেল সরবরাহের অভিযোগ রয়েছে। বিশ্লেষকদের মতে, সরবরাহ ঘাটতির পাশাপাশি অবৈধ মজুদ ও কৃত্রিম সংকট পরিস্থিতিকে জটিল করছে। কোথাও কোথাও বেশি দামে তেল বিক্রির অভিযোগও রয়েছে। এমনকি মুদি দোকানেও ক্যান বা বোতল ভর্তি তেল বেশি দামে বিক্রি হতে দেখা যায়। মধ্যপ্রাচ্য সংকট কত দিন স্থায়ী হবে, তা বলা কঠিন। তাই জ্বালানিসংকট মোকাবেলায় দীর্ঘ প্রস্তুতি থাকা জরুরি বলে মনে করছেন বিশেষজ্ঞরা। বিকল্প উৎস থেকে সংগ্রহ বাড়াতে হবে। পাশাপাশি তেলের বিক্রয় ব্যবস্থাপনা উন্নত করতে হবে। একই সঙ্গে মজুদদারি ও অবৈধ তেল বিক্রির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে।

বরিশালে স্মরণকালের ভয়াবহ

সরবরাহ করা হলেও গ্রামাঞ্চলে দেওয়া হয়েছে ৫০ ভাগেরও কম। ফলে পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় থাকা মানুষকে সইতে হয়েছে সবচেয়ে দুর্ভোগ। এদিকে বিদ্যুৎ না থাকায় চরম দুর্ভোগে পড়ছে সাধারণ মানুষ। বেশি ক্ষতির শিকার ব্যবসায়ীরা। এমনিতেই সন্ধ্যা ৭টা থেকে দোকানপাট বন্ধ রাখার নির্দেশ দিয়েছে সরকার। তার ওপর দিনে ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুৎ না থাকায় ক্রেতা মিলছে না দোকানে। বিপাকে পড়ছে শিক্ষার্থীরাও। ২১ এপ্রিল থেকে শুরু হচ্ছে এসএসসি পরীক্ষা। লোডশেডিংয়ের কারণে তাদের লেখাপড়ায়ও ঘটছে বিঘ্ন। বরিশালের বাবুগঞ্জ উপজেলার বাসিন্দা সৈয়দ কাওসার আহমেদ বলেন, এবার গ্রীষ্ম শুরু হতে না হতেই বিদ্যুতের যে পরিস্থিতি দেখছি তাতে পুরোপুরি গরম শুরু হলে কী হবে তাই ভেবে ভয় হচ্ছে। আমাদের এখানে বিদ্যুৎ সরবরাহ করে পল্লী বিদ্যুৎ। এখনই তো দিন-রাত মিলিয়ে গড়ে ৫ থেকে ৬ ঘণ্টাও বিদ্যুৎ থাকছে না। জেলার মুলাদি উপজেলার বাসিন্দা রাকিব হোসেন বলেন, আর কদিন পরেই এসএসসি পরীক্ষা। এভাবে ঘনঘন বিদ্যুৎ গেলে পরীক্ষার্থীরা লেখাপড়াই করতে পারবে না। বিদ্যুতের এই বিভ্রাটে সবচেয়ে বেশি ক্ষুব্ধ ক্ষুদ্র ব্যবসায়ী আর দোকান মালিকরা। তারা সন্ধ্যা ৭টা থেকে দোকানপাট বন্ধ রাখার নির্দেশে বেশি ভোগান্তিতে পড়ছেন। বরিশাল নগরীর গীর্জামহল্লা এলাকার ব্যবসায়ী নুরুল আলম বলেন, জ্বালানি সাশ্রয়ে সন্ধ্যা ৭টার মধ্যে দোকানপাট বন্ধ করতে বলেছে সরকার। এরই মধ্যে সেই নির্দেশনার বাস্তবায়নও শুরু হয়েছে। এদিকে দিনে যদি ৩/৪ ঘণ্টা বিদ্যুৎ না থাকে, তাহলে কীভাবে ব্যবসা করব? বিদ্যুৎ না থাকলে তো দোকানে ঢোকেনা কাস্টমার। এভাবে ব্যবসা টিকিয়ে রাখা যাবে না। ফজলুল হক অ্যাভিনিউর ব্যবসায়ী আকতার হোসেন বলেন, বিদ্যুৎ চলে গেলে অনেক ব্যবসায়ী এখন জেনারেটর চালান। এই জেনারেটর চলে তেলে। তাহলে জ্বালানি সাশ্রয়ের জন্য এই যে লোডশেডিং, তাতে কি লাভ হলো? বুধবার পিডিবি নিয়ন্ত্রণাধীন পলাশপুর সাব-স্টেশন দায়িত্বরত কর্মকর্তা জানান, তার সাব-স্টেশনের আওতায় ৭টি ফিডারের মাধ্যমে চলে বিদ্যুৎ সরবরাহ। মূলত নগরীর প্রাণকেন্দ্র সদর রোডসহ গীর্জামহল্লা, কাটপট্টি, বাজার রোডসহ গুরুত্বপূর্ণ এলাকাগুলো রয়েছে এই সাব-স্টেশনের আওতায়। বর্তমান সময়ে পিক আওয়ারে এই সাব-স্টেশনের আওতাধীন এলাকাগুলোয় বিদ্যুতের মোট চাহিদা ১৮ মেগাওয়াট। বুধবার সন্ধ্যা ৬টায় জাতীয় গ্রিড থেকে এই সাব-স্টেশনকে দেওয়া হয় মাত্র ৮ মেগাওয়াট। বাকি ১০ মেগাওয়াটের চাহিদা সামলাতে প্রতিবার ২টি করে ফিডারে লোডশেডিং দিতে হচ্ছিল তাদের। ১ ঘণ্টা পরপর চলছিল এই লোডশেডিং। ফলে বেলা ১১টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে ৩ ঘণ্টা বিদ্যুৎবিহীন অবস্থায় ছিল এই সাব-স্টেশনের আওতাধীন এলাকাগুলো। চাহিদা অনুযায়ী সরবরাহ না থাকায় রাতেও চলে লোডশেডিং। ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি বরিশাল-১ এর নির্বাহী প্রকৌশলী মনজুল কুমার স্বর্নকার বলেন, দুদিন ধরে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ পাচ্ছি না আমরা। হয়তো কোনো সমস্যা হয়েছে। এখন পর্যন্ত আতঙ্কিত হওয়ার মতো কিছু দেখছি না। ডিস্ট্রিবিউশন লাইনে সমস্যা কিংবা উৎপাদনকেন্দ্রের জটিলতার কারণে এটা হতেই পারে। শিগগির এ সমস্যার সমাধান হয়ে যাবে।

খাতা মূল্যায়নে কারচুপির অভিযোগ

দেয়া হয়েছে। অভিযোগের বিষয়ে জানতে চাইলে ড. ধীমান কুমার রায় বলেন, শিক্ষার্থী বিষয়টি নিয়ে একাধিকবার বিভাগের কাছে এসেছেন এবং উপাচার্যের কাছেও গিয়েছেন। তবে নিয়মের বাইরে গিয়ে কিছু করার সুযোগ নেই। শিক্ষার্থীর কোনো আপত্তি থাকলে নিয়মতান্ত্রিকভাবে খাতা পুনর্মূল্যায়নের জন্য আবেদন করার পরামর্শ দেয়া হয়েছে। পাশাপাশি নিয়মিত পড়াশোনা করে পরীক্ষায় অংশগ্রহণের জন্যও তাকে উৎসাহিত করা হয়েছে। তবে তিনি ভিন্ন পথ অবলম্বনের চেষ্টা করছেন, যা নিয়মতান্ত্রিক ভাবে সম্ভব নয়।

বাস খাদে পড়ার এক ঘণ্টা পর

পেয়ে তাঁরা ঘটনাস্থলে গিয়ে উদ্ধারকাজে অংশ নেন। কোনো হতাহতের ঘটনা ঘটেনি। ঝালকাঠি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইমতিয়াজ আহমেদ বলেন, দুর্ঘটনাকবলিত যানবাহন দুটি উদ্ধারের কাজ চলছে। এ ঘটনায় কেউ হতাহত হননি। স্থানীয়দের অভিযোগ, ইছানীল মোড়টি দীর্ঘদিন ধরেই ঝুঁকিপূর্ণ। এখানে প্রায়ই দুর্ঘটনা ঘটছে। সতর্কতামূলক ব্যবস্থা না থাকায় এমন পরিস্থিতি তৈরি হচ্ছে বলে দাবি তাঁদের। উল্লেখ্য, বরিশাল-পিরোজপুর আঞ্চলিক মহাসড়কের এ অংশে এর আগেও একাধিক দুর্ঘটনা ঘটেছে। ১৫ এপ্রিল একই স্থানে একটি বাস খাদে পড়ে ১৩ জন আহত হন। চলতি মাসের ১২ এপ্রিলও একই স্থানে আরেকটি বাস দুর্ঘটনার শিকার হয়। এতে স্থানীয়দের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে।

লঞ্চে অজ্ঞাত শিশু

অভিভাবকের সন্ধান না পাওয়ায় বর্তমানে শিশুটি লঞ্চ স্টাফ ও কয়েকজন যাত্রীর যৌথ তত্ত্বাবধানে আছে। বুধবার (১৫ এপ্রিল) বিকেল ৪টার দিকে কালাইয়া লঞ্চঘাট থেকে ঢাকার উদ্দেশে ছেড়ে যায় লঞ্চটি। যাত্রাপথে সন্ধ্যা ৬টার দিকে ধুলিয়া লঞ্চঘাটে নোঙর করে। এ সময় শিশুটির সঙ্গে থাকা এক ব্যক্তি নিজেকে তার বাবা পরিচয় দিয়ে ঘাটে নামেন। তিনি পাশের যাত্রীদের জানান, শিশুর মা ঘাটে রয়েছেন তাঁকে নিয়ে আসতে যাচ্ছেন। কিছু সময়ের জন্য শিশুটিকে দেখাশোনার অনুরোধও করেন তিনি। কিন্তু নির্ধারিত সময় পেরিয়ে গেলেও ওই ব্যক্তি আর লঞ্চে ফিরে আসেননি। পরে লঞ্চটি সোয়া ৭টার দিকে ধুলিয়া ঘাট এবং রাত ৮টার দিকে দীঘিরপাড় ঘাট ছাড়ার পরও তাঁর কোনো খোঁজ না মেলায় বিষয়টি লঞ্চ কর্তৃপক্ষকে জানানো হয়। এরপর লঞ্চের স্টাফরা শিশুটিকে উদ্ধার করে নিজেদের তত্ত্বাবধানে নেন। লঞ্চের স্টাফ শাহিন রাত দেড়টার দিকে মোবাইল ফোনে জানান, তখন পর্যন্ত শিশুটির খোঁজে কেউ যোগাযোগ করেননি। একই তথ্য জানিয়েছেন ধুলিয়া লঞ্চঘাটের ইজারাদার প্রতিনিধি মনির হোসেনও। এদিকে, শিশুটির পরিচয় শনাক্তে সহায়তার জন্য লঞ্চ কর্তৃপক্ষ গণমাধ্যমে তার একটি ছবি সরবরাহ করেছে। কেউ শিশুটিকে চিনতে পারলে লঞ্চ স্টাফ শাহিনের (০১৬৮৫৪৩৬১৫৪) নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হয়েছে। বর্তমানে শিশুটি সুস্থ রয়েছে এবং লঞ্চের স্টাফ ও কয়েকজন যাত্রীর যৌথ তত্ত্বাবধানে নিরাপদে আছে বলে জানা গেছে।

অধস্তন আদালতে ৪০ লাখ

এবং দ্রুত, স্বচ্ছ ও সাশ্রয়ী বিচার নিশ্চিত করতে সরকার অঙ্গীকারবদ্ধ। গৃহীত পদক্ষেপগুলো পর্যায়ক্রমে বাস্তবায়িত হলে সারা দেশে বিচারাধীন মামলার সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমবে এবং জনগণ দ্রুত ন্যায়বিচার পাবে বলে সরকার আশাবাদী। এছাড়া মামলার জট কমানো ও ন্যায়বিচারের মান উন্নয়নে জনগণের যে কোনো সুপারিশও আইন মন্ত্রণালয় গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে। তিনি বলেন, 'দ্য কোড অব সিভিল প্রসিডিউর, ১৯০৮'-এ যুগোপযোগী সংশোধন আনা হয়েছে। এ লক্ষ্যে 'দ্য কোড অব সিভিল প্রসিডিউর (সংশোধন) বিল, ২০২৬' সংসদে পাস হয়েছে। এতে এসএমএস ও ভয়েস কলের মাধ্যমে সমন জারির বিধান যুক্ত করা হয়েছে। অ্যাফিডেভিটের মাধ্যমে আরজি ও লিখিত জবাব দাখিল এবং সরাসরি জেরা করার বিধানও সংযোজন করা হয়েছে। পাশাপাশি ডিক্রি জারির জন্য আলাদা মামলা না করে মূল মামলায় সরাসরি দরখাস্ত দাখিলের সুযোগ রাখা হয়েছে। মন্ত্রী বলেন, তথ্য প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০-এর আওতায় মামলার তদন্ত কর্মকর্তা, চিকিৎসক এবং আসামির দোষ স্বীকারোক্তি রেকর্ডকারী ম্যাজিস্ট্রেটের সাক্ষ্য অনলাইনে গ্রহণ করা হচ্ছে। তিনি জানান, মামলার জট নিরসনে এরইমধ্যে ৮৭১টি আদালত সৃষ্টি এবং ২৩২টি বিচারকের পদ সৃষ্টি করা হয়েছে। আরও ৩০৪টি বিচারকের পদ সৃষ্টির প্রক্রিয়া চলছে এবং ১৫০ জন সিভিল জজ নিয়োগের কাজ চলমান রয়েছে। বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের মাধ্যমে ৭০৮ জন বিচার বিভাগীয় কর্মচারী নিয়োগের সুপারিশ করা হয়েছে। আরও ৫৫৩ জন কর্মচারীর নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। মো. আসাদুজ্জামান বলেন, নারী ও শিশু নির্যাতনের মামলাসহ আলোচিত মামলার তদন্ত ও বিচার কার্যক্রম দ্রুত করতে সলিসিটরের সভাপতিত্বে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। এ ছাড়া আইনগত সহায়তা সেবা জোরদারে জেলা লিগ্যাল এইড অফিসে বিচারকের সংখ্যা বৃদ্ধি, অভিজ্ঞ মধ্যস্থতাকারী নিয়োগ এবং বিনামূল্যে আইনি সহায়তার জন্য '১৬৬৯৯' হটলাইন চালু করা হয়েছে। 'অধস্তন ও উচ্চ আদালতের কজলিস্ট শতভাগ অনলাইনে আনা হয়েছে। ফলে মানুষ ঘরে বসেই মামলার তারিখ জানতে পারছে। এতে বিচার প্রক্রিয়ায় স্বচ্ছতা বেড়েছে এবং হয়রানি কমেছে', যোগ করেন আইনমন্ত্রী। তিনি আরও জানান, বিয়ে ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ১০টি জেলার ১০২টি ইউনিয়নে মুসলিম বিবাহ আইন অনুযায়ী অনলাইনে বিয়ে ও তালাক নিবন্ধন কার্যক্রম শিগগিরই চালু হবে। এটি বাস্তবায়িত হলে বিয়ে ও তালাক সংক্রান্ত জালিয়াতি রোধ এবং এ সংক্রান্ত মামলার সংখ্যা হ্রাস পাবে।

ভাঙ্গা-আমতলী-কুয়াকাটা সড়ক চার

আকন বলেন, 'প্রতিদিন ওই সড়কে দুর্ঘটনায় প্রাণ হারাচ্ছেন অসংখ্য মানুষ। তাই প্রধানমন্ত্রী তারেক রহমানের নিকট আমাদের দাবি সড়কটি চার লেনে উন্নীত করে মানুষকে মৃত্যুর হাত থেকে বাঁচান।

৪ লাখ ৬৮ হাজার সরকারি

ও বিরোধী দলীয় সংসদ সদস্যদের পৃথক প্রশ্নের জবাবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী এ তথ্য জানান। জনপ্রশাসন প্রতিমন্ত্রী জানান, ২০২৩ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী দেশে সরকারি শূন্যপদের সংখ্যা ৪ লাখ ৬৮ হাজার ২২০টি। এর মধ্যে, প্রথম শ্রেণি (১ম-৯ম গ্রেড) ৬৮,৮৮৪টি পদ। দ্বিতীয় শ্রেণি (১০ম-১২তম গ্রেড) ১,২৯,১৬৬টি পদ। ১৩তম থেকে ১৬তম গ্রেডে ১,৪৬,৭৯৯টি পদ। ১৭তম থেকে ২০তম গ্রেড ১,১৫,২৩৫টি পদ। অন্যান্য ৮,১৩৬টি পদ। প্রতিমন্ত্রী জানান, ৬ মাস, ১ বছর ও ৫ বছর মেয়াদি কর্মপরিকল্পনার মাধ্যমে এই নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে। স্বচ্ছতার সঙ্গে ৫ লাখ কর্মচারী নিয়োগের বিষয়টি তদারকির জন্য সব মন্ত্রণালয় ও বিভাগে চিঠি পাঠানো হয়েছে। বিরোধী দলের সংসদ সদস্য নূরুল ইসলামের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, মেরিটোক্রেসির বাংলাদেশ বিনির্মাণে মেধা, সততা ও দক্ষতাই হবে নিয়োগ ও পদোন্নতির একমাত্র মাপকাঠি। বর্তমানে প্রথম ও দ্বিতীয় শ্রেণির চাকরিতে ৯৩ শতাংশ মেধা ভিত্তিক নিয়োগ হচ্ছে। বাকি ৭ শতাংশ কোটার মধ্যে ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা, ১ শতাংশ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং ১ শতাংশ শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য বরাদ্দ রয়েছে। এমপি হারুন-অর-রশিদের এক প্রশ্নের জবাবে আবদুল বারী জানান, বিসিএস পরীক্ষায় মুখস্থ নির্ভরতা কমাতে সিলেবাস পরিবর্তনের কাজ চলছে। এজন্য একটি কমিটি গঠন করা হয়েছে যারা বিভিন্ন দেশের সিভিল সার্ভিস পরীক্ষা পর্যালোচনা করছে। এছাড়া মৌখিক পরীক্ষায় প্রার্থীর জ্ঞান ও মনোভাব যাচাইয়ে 'যোগ্যতা-ভিত্তিক সাক্ষাৎকার' চালু এবং এক বছরের মধ্যে একটি বিসিএস সম্পন্ন করার প্রক্রিয়াও চলমান রয়েছে। এমপি শামছুর রহমান শিমুল বিশ্বাসের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জানান, বিগত ১৬ বছরে বিসিএস প্রশাসনে ১২ জনকে বাধ্যতামূলক অবসর, ৩৯ জনকে বরখাস্ত এবং ৫৬৪ জনকে ওএসডি করা হয়েছিল। এছাড়া গত সরকারের সময় নিয়োগে দুর্নীতি ও দলীয়করণের বিষয়ে দুদক ও আইনপ্রয়োগকারী সংস্থা তদন্ত করছে।

সংবিধান সংশোধনের মাধ্যমে

জনপ্রতিনিধি হিসেবে নির্বাচিত করবেন, তারাই দেশের ভবিষ্যৎ ও ভাগ্য নির্ধারণ করবেন। সংবিধান পরিবর্তনের ক্ষমতা জনগণের প্রতিনিধিদের হাতেই ন্যস্ত।' জুলাই সনদ প্রসঙ্গে তিনি বলেন, 'সংখ্যাগরিষ্ঠ দল বিএনপি এরই মধ্যে এ সনদে স্বাক্ষর করেছে এবং তারা এটি বাস্তবায়নের বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ।' স্পিকার জানান, বিএনপি জুলাই সনদ নিয়ে সংসদে নোট অব ডিসেন্ট দিয়েছে। সনদে উল্লেখ রয়েছে, সংখ্যাগরিষ্ঠ দল চাইলে নোট অব ডিসেন্টের মাধ্যমে সংশোধনের সুযোগ রয়েছে। দেশের রাজনৈতিক পরিস্থিতি নিয়ে তিনি বলেন, 'বাংলাদেশের রাজনীতি অত্যন্ত জটিল এবং এ জটিলতা অনেক সময় রাজনৈতিক নেতারাই তৈরি করেন।' এর আগে স্পিকার ভোলার ভেদুরিয়া ফেরিঘাটে পৌছালে জেলা বিএনপির স্থানীয় নেতৃবৃন্দ তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। পরে ভোলা সার্কিট হাউসে তাকে গার্ড অব অনার প্রদান করা হয়। বিকেলে তিনি তার নির্বাচনী এলাকা লালমোহনে গণসংবর্ধনায় অংশ নিতে রওনা হন। উল্লেখ্য, তিনি ঢাকা থেকে রওনা দিয়ে বরিশাল হয়ে ফেরি পার হয়ে ভোলায় পৌছান। তিন দিনের সফরে তিনি বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবে।

বরিশাল নগরীর বর্জ্য ব্যবস্থাপনা

গড়ে তোলা অন্যতম প্রধান অগ্রাধিকার। সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনার কার্যকর বাস্তবায়নের মাধ্যমে নগরীর বর্জ্য সমস্যা সমাধানের পাশাপাশি সম্ভাবনাময় সম্পদ হিসেবে ব্যবহৃত হতে পারে। আমরা খুব দ্রুত এ লক্ষ্যে বাস্তবমুখী কার্যক্রম শুরু করার পরিকল্পনা গ্রহণ করছি। এছাড়া পরিবেশ উন্নয়নের লক্ষ্যে ড্রেনেজ ব্যবস্থা সচল রাখা ও খোলা স্থানে ময়লা ফেলা বন্ধ করার পাশাপাশি আধুনিক ডাম্পিং স্টেশন স্থাপনের বিষয়েও নানা ধরনের প্রকল্প হাতে নেয়া হয়েছে।' সভায় বরিশাল নগরীর ক্রমবর্ধমান বর্জ্যকে বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রক্রিয়াজাতকরণ এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় কার্যকর পদক্ষেপ নিয়ে প্রেজেন্টেশন দেয়া হয়। এছাড়া উৎসস্থলেই বর্জ্য পৃথকীকরণ, পচনশীল ও অপচনশীল বর্জ্য আলাদা করার পাশাপাশি বর্জ্যকে সম্পদে রূপান্তরের সম্ভাবনা নিয়েও আলোচনা করা হয়। জৈব বর্জ্য থেকে সার উৎপাদন এবং প্লাস্টিক বর্জ্য পুনঃব্যবহার বা জ্বালানিতে রূপান্তরের বিষয়টিও গুরুত্বসহকারে তুলে ধরা হয়। সভায় অংশগ্রহণকারীরা আশা প্রকাশ করেন, এই উদ্যোগ বাস্তবায়িত হলে বরিশাল নগরীর পরিবেশগত উন্নয়ন ও টেকসই বর্জ্য ব্যবস্থাপনায় নতুন দিগন্ত উন্মোচিত হবে। সভায় বিসিসির প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীনের সভাপতিত্বে বিএনপি চেয়ারপারসনের স্বাস্থ্যবিষয়ক উপদেষ্টা ড. এস এম জিয়াউদ্দিন হায়দারসহ ঝালকাঠি পৌরসভার প্রশাসক, বিসিসির স্বাস্থ্য বিভাগ ও বর্জ্য ব্যবস্থাপনা শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এবং আন্তর্জাতিক সংস্থা প্র্যাকটিক্যাল অ্যাকশনের প্রতিনিধি দল উপস্থিত ছিলেন।

গণতন্ত্র ছাড়া বাংলাদেশের

বাংলাদেশ স্বাধীন হয়েছে রাজনৈতিক আগ্রহের কারণে। যখন স্বৈরশাসন মানুষের ওপর চেপে বসেছে, তখন ছাত্র-যুবকরাই জনগণের পক্ষ থেকে রাজপথে নেমে এসে স্বৈরশাসনের অবসান ঘটিয়ে গণতান্ত্রিক ব্যবস্থাকে আবার প্রবর্তন করেছে। তিনি বলেন, গণতন্ত্র ছাড়া বাংলাদেশের মুক্তি বা সম্প্রীতি অর্জন সম্ভব নয়, সেই দিক দিয়ে রাজনীতির একটি ভালো দিক লক্ষ্য করেছি। সাধারণ মানুষের সচেতনতা বেড়েছে। গণতন্ত্রের প্রতি তাদের ঐকান্তিক আগ্রহ বেড়েছে। এটি দেশকে অনেক এগিয়ে নেবে।

বারের নির্বাচন স্থগিতের

রংপুর-৪ আসনের সংসদ সদস্য ও এনসিপির সদস্য সচিব আখতার হোসেন প্রশ্ন তোলেন নির্বাচন স্থগিতে আসলে কী জ্বালানি সংকটের ইস্যু, নাকি একটি গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে দলীয়করণ? বৃহস্পতিবার (১৬ এপ্রিল) সংসদে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে আখতার হোসেন জানতে চান, 'গণতান্ত্রিক যাত্রায় উত্তরণের জন্য একটি নির্বাচনের সময়সীমা ঘোষণা করা হয়েছিল ১৯ মে। নির্বাচনটি অনুষ্ঠিত হওয়ার কথা ছিল, কিন্তু মধ্যরাতে হঠাৎ করে সেই নির্বাচনকে স্থগিত ঘোষণা করা হলো। প্রশ্ন হলো, আমরা যখন সংসদে জ্বালানি সংকটের কথা বলছি, তখন সরকারি দলের তরফ থেকে জ্বালানি সংকট নিয়ে এক কথা বলা হয়, আবার সরকারি একটি প্রতিষ্ঠান তারা স্থগিত করেছে জ্বালানি সংকটের কথা বলে। এই জায়গাটাতে একটি সিদ্ধান্ত আসা প্রয়োজন আসলে কী জ্বালানি সংকটের ইস্যু, নাকি একটি গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে দলীয়করণ?' আখতার হোসেন বলেন, 'নির্বাচন স্থগিত করার কারণ হিসেবে বলা হয়েছে যে, দেশে তীব্র জ্বালানি সংকট। এই কারণে বার কাউন্সিলের নির্বাচন স্থগিত করা হলো। এখানে দুই ধরনের বিষয় রয়েছে। এক. এটি একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, যেটির সঙ্গে আইন মন্ত্রণালয়ের একটি সংযোগ আছে। আবার জ্বালানি মন্ত্রণালয়ের অজুহাত দেখিয়ে নির্বাচন স্থগিত করা হয়েছে। আপনি (স্পিকার) জেনে থাকবেন যে, বাংলাদেশ লিগ্যাল প্র্যাকটিশনারস অ্যান্ড বার কাউন্সিল অর্ডারের বিধান অনুযায়ী তিন বছর অন্তর অন্তর নির্বাচন হওয়ার কথা। যদি নির্বাচন করার মতো পরিবেশ না থাকে, অর্থাৎ প্যান্ডেমিক হয় বা এ ধরনের কোনো দুর্যোগ ঘটে, সে সময়টাতে এক বছরের জন্য একটি কমিটির বিধান করোনার সময় করা হয়েছিল। কিন্তু অন্তর্বর্তীকালীন সরকার গঠন করার পর সেই জায়গাটাতে কোনো অ্যাক্ট বা প্যান্ডেমিক না থাকা সত্ত্বেও নির্বাচন না দিয়ে তখন একটি অ্যাডহক কমিটি করা হয়। সেই কমিটি এখনও পর্যন্ত চলমান রয়েছে। সেই কমিটি থেকে একটি গণতান্ত্রিক যাত্রায় উত্তরণের জন্য একটি নির্বাচনের সময়সীমা ঘোষণা করা হয়েছিল ১৯ মে।' এ সময় ডেপুটি স্পিকার বলেন, 'সংসদ সদস্য, আপনার মূল বক্তব্যটি বুঝতে পেরেছি, এটি কার্যবিবরণীতে আনার জন্য ভালো হবে, রেকর্ড থাকবে। আপনি দয়া করে একটি নোটিশ দেন।' আখতার হোসেন তখন বলেন, 'আমরা নোটিশ নিয়ে আসব। কিন্তু যেহেতু আজকে জ্বালানি মন্ত্রী উপস্থিত আছেন, আইনমন্ত্রী উপস্থিত আছেন, আপনি চাইলে তাদের থেকে এই বিষয়ে একটি সুরাহা, তাদেরকে একটি বিবৃতি দেওয়ার জন্য আপনি আহ্বান করতে পারেন।'

গণভোটের রায় বাস্তবায়নে

কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামীসহ সমমনা ১১টি রাজনৈতিক দল। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) রাজধানীর মগবাজারে আল ফালাহ মিলনায়তনে ১১ দল আয়োজিত 'চলমানের আন্দোলনের পরবর্তী কর্মসূচি' শীর্ষক সংবাদ সম্মেলন থেকে এ কর্মসূচি দেওয়া হয়। কর্মসূচি ঘোষণা করেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, আগামী ১৮ এপ্রিল ১১ দলের উদ্যোগে ঢাকায় গণমিছিল অনুষ্ঠিত হবে। এরপর ২৫ এপ্রিল ঢাকা ছাড়া বাকি সব বিভাগীয় শহরে গণমিছিল। আগামী ২ মে সারাদেশে প্রতিটি জেলা শহরে গণমিছিল। কর্মসূচির আওতায় আগামী ১৮ এপ্রিল থেকে ২ মে পর্যন্ত প্রতিদিন গুরুত্বপূর্ণ জেলা শহরে লিফলেট বিতরণ ও সেমিনার অনুষ্ঠিত হবে বলেও জানান তিনি। গোলাম পরওয়ার জানান, ২ মে'র পর থেকে বিভাগীয় শহরে সমাবেশ হবে। ১২টি সিটি করপোরেশনে বিক্ষোভ সমাবেশ হবে। এসব সমাবেশে ১১ দলের শীর্ষ নেতারা উপস্থিত থাকবেন। এই রাউন্ড শেষ হওয়ার পর রাজধানীতে ১১ দলের সমাবেশ হবে, তারিখ পরবর্তীসময়ে জানানো হবে।

হাইকোর্ট বিভাগে ৬৩ বেঞ্চ

১০টা থেকে হাইকোর্টের চলবে নিয়মিত বিচারকাজ। এর জন্য ৬৩টি বেঞ্চ গঠন করেছেন প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী। বেঞ্চ গঠনের আদেশটি সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ৬৩টি বেঞ্চের মধ্যে ৩৪টি দ্বৈত এবং বাকি ২৯টি একক বেঞ্চ। বেঞ্চ গঠনের আদেশে বলা হয়েছে, আগামী ১৯ এপ্রিল, রবিবার সকাল সাড়ে ১০টা থেকে হাইকোর্ট বিভাগের বিচারকাজ পরিচালনার জন্য এসব বেঞ্চ গঠন করা হলো। গত ১৫ মার্চ থেকে গতকাল বৃহস্পতিবার পর্যন্ত ১৯ দিনের অবকাশ ছুটি ছিল সুপ্রিম কোর্টে। এই অবকাশ ছুটির সঙ্গে যুক্ত হয় ১৮ দিনের সাপ্তাহিক ও সরকারি ছুটি। ফলে টানা ৩৭ দিন বন্ধ থাকে সুপ্রিম কোর্টের নিয়মিত বিচারকাজ। তবে অবকাশ ছুটির মধ্যে হাইকোর্টের বিচারকাজ চালিয়ে নিতে অবকাশকালীন বেঞ্চ গঠন করে দিয়েছিলেন প্রধান বিচারপতি। এ সময় আপিল বিভাগের চেম্বার আদালতেও চলে বিচারকাজ।

'স্বাধীনতা পুরস্কার-২০২৬'

'স্বাধীনতা পুরস্কার-২০২৬' হস্তান্তর করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) বিকেল ৪টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীতদের হাতে স্বর্ণপদক, সম্মাননাপত্র ও নগদ অর্থ তুলে দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রথমেই সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার পক্ষে তার পুরস্কার গ্রহণ করেন নাতনি ব্যারিস্টার জাইমা রহমান। প্রধানমন্ত্রীর হাত থেকে তিনি 'দাদু'র স্বর্ণপদক গ্রহণ করেন। সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে স্বাধীনতা পুরস্কার দেওয়া হয়েছে 'স্বাধীনতা, গণতন্ত্র ও নারী শিক্ষাসহ দেশ গঠনে' সার্বিক অবদানের জন্য। খালেদা জিয়াসহ মরণোত্তর এই সম্মাননা পেয়েছেন সাতজন। এরা হলেন- মুক্তিযুদ্ধে অবদানের জন্য মেজর মোহাম্মদ আবদুল জলিল, সাহিত্যে ড. আশরাফ সিদ্দিকী, সমাজ সেবায় ডা. জাফরুল্লাহ চৌধুরী ও মাহেরীন চৌধুরী, সংস্কৃতিতে বশির আহমেদ এবং জনপ্রশাসনে কাজী ফজলুর রহমান। মেজর জলিলের পক্ষে তার মেয়ে ব্যারিস্টার সারা জলিল, ড. আশরাফ সিদ্দিকীর পক্ষে তার মেয়ে ড. তাসনিম আরিফা সিদ্দিকী, জাফরুল্লাহ চৌধুরীর পক্ষে তার ছেলে বারীশ হাসান চৌধুরী, মাহেরীন চৌধুরীর পক্ষে তার স্বামী মনসুর হেলাল, বশির আহমেদের পক্ষে তার হুমায়ারা বশির এবং কাজী ফজলুর রহমানের পক্ষে তার মেয়ে তাবাসুম শাহনাজ প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে থেকে পুরস্কার গ্রহণ করেন। বিজ্ঞান-প্রযুক্তিতে অধ্যাপক ড. জহুরুল করিম, সংস্কৃতিতে একেএম হানিফ (হানিফ সংকেত), ক্রীড়ায় জোবেরা রহমান (লিনু), সমাজ সেবায় সাইদুল হক, গবেষণা ও প্রশিক্ষণে মোহাম্মদ আবদুল বাকী, অধ্যাপক ড. এম এ রহিম, অধ্যাপক সুকোমল বড়ুয়া এবং পরিবেশ সংরক্ষণে আবদুল মুকিত মজুমদার (মুকিত মজুমদার বাবু) প্রধানমন্ত্রীর কাছে থেকে স্বাধীনতা পুরস্কার নেন। অধ্যাপক জহুরুল করিমের পক্ষে তার ছেলে হারুনুর রশীদ এবং একেএম হানিফ, জোবেরা রহমান, সাইদুল হক, মোহাম্মদ আবদুল বাকী, এম এ রহিম, অধ্যাপক সুকোমল বড়ুয়া, আবদুল মুকিত মজুমদার প্রত্যেকে নিজে প্রধানমন্ত্রীর কাছ থেকে পুরস্কার নেন। এ বছর যে পাঁচটি প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কারে মনোনীত করা হয়েছে তা হলো, মুক্তিযুদ্ধে অবদানের জন্য ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চিকিৎসা বিদ্যায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, পল্লী উন্নয়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), জনসেবায় এসওএস শিশু পল্লী ও গণস্বাস্থ্য কেন্দ্র স্বাধীনতা পুরস্কার পেয়েছে। ফৌজদারহাট ক্যাডেট কলেজের অধ্যক্ষ লে. কর্নেল আদনান কবির, ঢাকা মেডিকেল কলেজের পরিচালন বিগ্রেডিয়ার জেনারেল মো. আসাদুজ্জামান, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের চেয়ারম্যান জাকির আহমেদ খান, এসওএস শিশু পল্লীর ন্যাশনাল ডাইরেক্টর ড. এনামুল হক এবং গণস্বাস্থ্য কেন্দ্রের সিনিয়র প্যারামেডিক বিউটি রানী সাহা প্রধানমন্ত্রীর হাত থেকে পুরস্কার নেন। স্বাধীনতা পুরস্কার দেশের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা। সরকার ১৯৭৭ সাল থেকে প্রতি বছর এ পুরস্কার দিয়ে আসছে। স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি ও প্রতিষ্ঠানকে আঠারো ক্যারেটের ৫০ গ্রামের একটি স্বর্ণপদক, পদকের একটি রেপ্লিকা, তিন লাখ টাকা ও একটা সম্মাননাপত্র দেওয়া হয়।

১৬ দেশে নতুন শ্রমবাজার খোলার উদ্যোগ

কীর্তনখোলা ডেস্ক

বিদেশে কর্মসংস্থানে নতুন সুযোগ তৈরি করতে উদ্যোগ নিয়েছে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। এ লক্ষ্যে এশিয়া, ইউরোপ ও আফ্রিকার অন্তত ১৬টি দেশে সমঝোতা স্মারক (এমওইউ) প্রস্তাব পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট দেশগুলো থেকে ইতিবাচক সাড়া পাওয়া গেলে সেসব দেশে বাংলাদেশিকর্মী পাঠানোর নতুন সম্ভাবনা তৈরি হবে বলে আশা করছে মন্ত্রণালয়টি। বর্তমানে বাংলাদেশের শ্রমবাজার মধ্যপ্রাচ্যনির্ভর। সংশ্লিষ্ট তথ্য অনুযায়ী, দেশের মোট প্রবাসী কর্মীর ৭০ থেকে ৭৫ শতাংশই কর্মরত মধ্যপ্রাচ্যে, যেখানে উপসাগরীয় ছয়টি দেশেই সিংহভাগ কর্মসংস্থান। এর মধ্যে সৌদি আরব একাই ৩০ থেকে ৩৫ শতাংশ কর্মীর গন্তব্য। মোট রেমিট্যান্সেরও ৬০ শতাংশের বেশি আসে এই অঞ্চল থেকে, যা শ্রমবাজারের একমুখী নির্ভরতার চিত্র তুলে ধরে। এ অবস্থায় নতুন বাজার খোঁজার উদ্যোগকে গুরুত্বপূর্ণ মনে করছেন সংশ্লিষ্টরা। মন্ত্রণালয় বলছে, নতুন দেশ থেকে সাড়া পাওয়া গেলে নির্দিষ্ট অঞ্চলের শ্রমবাজারের ওপর চাপ কমবে। গত ৪ মার্চ প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে থাইল্যান্ড-বাংলাদেশ কর্মী পাঠানো সংক্রান্ত এমওইউ অ্যান্ড অ্যাগ্রিমেন্ট নিয়ে সার্বিক আলোচনা হয়। সভায় প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়ের কর্মকর্তারা এমওইউ অ্যান্ড অ্যাগ্রিমেন্টকে বাংলাদেশের শ্রমবাজারের জন্য পজিটিভ হবে বলে মতামত দেন। সভার একজন সদস্য বলেন, মন্ত্রণালয়ের কর্মকর্তারা ইতিবাচক মতামত দেওয়ায় নিয়ম অনুযায়ী খসড়া সমঝোতা স্মারকটি আইন মন্ত্রণালয়ে ভেটিংয়ের জন্য পাঠানো হয়। আইন মন্ত্রণালয়ের ভেটিংয়ের পর এটি মন্ত্রিপরিষদ সভায় উঠবে। মন্ত্রিপরিষদ অনুমোদন দিলে দুই দেশ এমওইউ অ্যান্ড অ্যাগ্রিমেন্ট সই করবে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগের যুগ্ম সচিব মো. শহিদুল ইসলাম চৌধুরী বলেন, শ্রমবাজার সম্প্রসারণের লক্ষ্যে বিগত কয়েক মাসে আমরা প্রায় ১৭ দেশে এমওইউ পাঠিয়েছি। বিশেষ করে সার্বিয়া, রোমানিয়া, নর্থ মেসিডোনিয়া, মাল্টা, পর্তুগাল, স্পেন, মরিশাস, লেবানন, থাইল্যান্ড, ওমান, অস্ট্রিয়া, আলবেনিয়া, কম্বোডিয়াসহ বিভিন্ন দেশে পাঠানো হয়েছে। থাইল্যান্ডের বিষয়ে তিনি বলেন, এমওইউ আইন মন্ত্রণালয়ের ভেটিং নিয়ে এবং প্রধানমন্ত্রীর অনুমতি নিয়ে থাইল্যান্ডে পাঠানো হয়েছে। এখন থাইল্যান্ড সিদ্ধান্ত নেবে। তারা সই করলে, কর্মী পাঠানোর বিষয়ে অফিসিয়ালি ডিমান্ড চাওয়া হবে। এখন পর্যন্ত তাদের উত্তর পাওয়া যায়নি। আমরা এমওইউ এবং অ্যাগ্রিমেন্ট দুটোই পাঠিয়েছি। যুগ্ম সচিব বলেন, ??'সব দেশ থেকেই আমরা পজিটিভ রেসপন্স আশা করছি। আমাদের সরকারও যোগাযোগ করছে। অনেক দেশের সঙ্গে এমওইউ আছে, ডিমান্ড লেটার পাওয়া যাচ্ছে না।' পররাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্ব-পশ্চিম ইউরোপ সূত্রে জানা গেছে, বিগত কয়েক বছর ধরে মাইগ্রেশন মোবিলিটি, রিক্রুটমেন্ট ও রিপ্যাট্রিয়েশনের আন্ডারে অনেকগুলো দেশে সমঝোতা স্মারক পাঠানো হয়েছে। কিছু দেশ সমঝোতা স্মারকে সইও করেছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের পশ্চিম ইউরোপ ও ইইউ অনুবিভাগের মহাপরিচালক মো. মোশারফ হোসেন বলেন, 'আমরা আমাদের কূটনৈতিক তৎপরতা চালাচ্ছি। হাইকমিশনের মাধ্যমে এই কাজগুলো করা হয়। গত বছর ইতালির সঙ্গে সমঝোতা স্মারক হয়েছে। একটা বিষয় হলো, এসব দেশ মধ্যপ্রাচ্যের মতো নয়, যে চাইলে ডিমান্ড লেটার দেবে। অনেক দেশ অবৈধ শ্রমিকদের ফেরত আনার শর্তে ডিমান্ড দিতে চায়। আমরা আমাদের চেষ্টা চালিয়ে যাচ্ছি। এদিকে ইউরোপের মতো স্থিতিশীল শ্রমবাজারে বাংলাদেশিকর্মী পাঠানোর হার এখনো অনেক কম। বর্তমানে ইউরোপে বাংলাদেশি কর্মীর অংশ ৫ থেকে ৭ শতাংশের নিচে। ইতালি, গ্রিসে সীমিত সুযোগ থাকলেও নিয়মিত কর্মী পাঠানো যাচ্ছে না। সংশ্লিষ্টদের অভিযোগ, এজেন্সি ও সরকারি পর্যায়ে পর্যাপ্ত উদ্যোগের অভাবে ইউরোপমুখী অভিবাসন বাড়ছে না। ভিসা জটিলতা, দক্ষতার ঘাটতি এবং সমন্বয়ের অভাবে সম্ভাবনাময় বাজারগুলোতে বাংলাদেশ পিছিয়ে পড়ছে। বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সির (বায়রা) সাবেক যুগ্ম মহাসচিব ফখরুল ইসলাম বলেন, মধ্যপ্রাচ্যে কয়েক বছর পরপরই যুদ্ধ পরিস্থিতি শুরু হয়। এর প্রভাব পড়ে আমাদের শ্রমিকদের ওপর। নতুন শ্রমবাজারের দিকে ঝুঁকতে হবে। শ্রমবাজার খোলার জন্য কূটনৈতিক তৎপরতা জোরালো করতে হবে। এমওইউ ছাড়াও আমাদের ডেলিগেশন টিম পাঠাতে হবে। লেগে থাকতে হবে। না হলে শুধু এমওইউ পাঠিয়ে শ্রমবাজার খোলা যাবে না। অভিবাসন বিশেষজ্ঞরা বলছেন, নতুন শ্রমবাজার খোলার পাশাপাশি দক্ষতা উন্নয়ন, স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া এবং কার্যকর কূটনৈতিক তৎপরতা বাড়ানো জরুরি। তা না হলে ইউরোপসহ স্থিতিশীল বাজারগুলোতে প্রবেশের সুযোগ সীমিতই থেকে যাবে। অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রামের (ওকাপ) চেয়ারম্যান শাকিরুল ইসলাম বলেন, 'সরকারের বাস্তবসম্মত উদ্যোগ অনেক কম। শ্রমবাজার নিয়ে সরকার রাজনীতি করে। কয়েক বছর আগে বিএমইটির উদ্যোগে একটি প্রতিনিধি দল প্রায় ৫০টি দেশ ঘুরে, বিভিন্ন কোম্পানি ঘুরে অনেক টাকা খরচ করে, একটি অ্যাকশন প্ল্যান তৈরি করেছিল। কিন্তু সেগুলো পরে আর আলোর মুখ দেখেনি। এসব প্রতিষ্ঠানগুলোর জবাবদিহিতা জরুরি।'

অভ্যুত্থানের সময় লুট হওয়া অস্ত্র উদ্ধারে হাইকোর্টের রুল

কীর্তনখোলা ডেস্ক

জুলাই অভ্যুত্থানের সময় সারাদেশের থানা ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অফিস থেকে বিপুলসংখ্যক অস্ত্র ও গোলাবারুদ উদ্ধারে রুল জারি করেছেন হাইকোর্ট। রুলে মন্ত্রিপরিষদ সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, নির্বাচন কমিশন সচিব, পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) এবং র‍্যাব মহাপরিচালককে জবাব দিতে বলা হয়েছে। এ সংক্রান্ত রিট আবেদনের শুনানি নিয়ে বৃহস্পতিবার (১৬ এপ্রিল) হাইকোর্টের বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি মো. আনোয়ারুল ইসলাম এ আদেশ দেন। আদেশের বিষয়টি নিশ্চিত করেন রাষ্ট্রপক্ষের ও রিটকারী আইনজীবী। সংশ্লিষ্ট আইনজীবীরা জানান, তারা হাইকোর্টের রুলের সার্টিফাইড কপি হাতে পেয়েছেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী মাহমুদুল হাসান এবং রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল নূর মোহাম্মদ আজমী। গত ১৪ জানুয়ারি হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ সংক্রান্ত বিষয়ে রিট আবেদন করেন সুপ্রিম কোর্টের আইনজীবী মাহমুদুল হাসান। রিটে মন্ত্রিপরিষদ সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, নির্বাচন কমিশন সচিব, পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) এবং র?্যাব মহাপরিচালককে বিবাদী করা হয়েছে। রিট পিটিশনে বলা হয়, বিভিন্ন গণমাধ্যমের তথ্যানুযায়ী ২০২৪ সালের গণঅভ্যুত্থানের সময় দেশের বিভিন্ন থানা ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কার্যালয় থেকে পাঁচ হাজার ৭৫০টি আগ্নেয়াস্ত্র এবং ৬ লাখ ৫১ হাজার ৬০৯ রাউন্ড গোলাবারুদ লুট হয়। অত্যন্ত উদ্বেগের বিষয় হলো, সরকার এসব অস্ত্র উদ্ধারে পুরস্কার ঘোষণা করা সত্ত্বেও এর একটি উল্লেখযোগ্য অংশ এখনো উদ্ধার করা সম্ভব হয়নি। আইনজীবী মো. মাহমুদুল হাসান বলেন, সরকার কিছু সংসদ সদস্য পদপ্রার্থীর জন্য গানম্যানের ব্যবস্থা করলেও দেশের আপামর ভোটারদের নিরাপত্তার জন্য কোনো কার্যকর ব্যবস্থা নেয়নি। এমতাবস্থায়, লুণ্ঠিত অস্ত্র উদ্ধার না করে নির্বাচনের আয়োজন করা হলে তা বাংলাদেশ সংবিধানের ৩২ অনুচ্ছেদ অনুযায়ী ভোটার ও প্রার্থীদের মৌলিক অধিকার অর্থাৎ 'জীবনের অধিকার'-এর চরম লজ্ঞন হবে। এর আগে লুট হওয়া বিপুল পরিমাণ মারণাস্ত্র ও গোলাবারুদের একটি বড় অংশ আজও উদ্ধার করা সম্ভব হয়নি। গত ১৪ ডিসেম্বর রেজিস্ট্রি, ডাক ও ইমেইলের মাধ্যমে জনস্বার্থে সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান সরকারের সংশ্লিষ্টদের প্রতি এ লিগ্যাল নোটিশ পাঠান। নোটিশ পাওয়ার সাতদিনের মধ্যে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা না নেওয়া হলে হাইকোর্টে জনস্বার্থে রিট করা হবে। তারই ধারাবাহিকতায় রিটটি করা হয়েছে।

ঝালকাঠিতে আগুনে ক্ষতিগ্রস্ত পরিবারের

ও ভোজ্য তেলসহ জরুরি খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা ও জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ড. জিয়াউদ্দিন হায়দার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হ্যাডসের চেয়ারম্যান আব্দুল মান্নান তাওহিদ। বিশেষ অতিথি ছিলেন ঝালকাঠি প্রেসক্লাব সভাপতি অ্যাডভোকেট আককাস সিকদার। আরও উপস্থিত ছিলেন জেলা শ্রমিকদল সভাপতি টিপু সুলতান, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক রবিউল হোসেন তুহিনসহ স্থানীয় নেতৃবৃন্দ। এরআগে ড. হায়দার আগুনে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর সদস্যদের সঙ্গে কথা বলেন। আগুনে পুড়ে যাওয়া বসতঘরগুলো ঘুরে দেখে তিনি ক্ষতিগ্রস্তদের দ্রুত পুনর্বাসনের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। ড. জিয়াউদ্দিন বলেন, 'অগ্নিকা-ের এই স্থানটি অত্যন্ত সরু এবং ঘনবসতিপূর্ণ হওয়ায় হয়তো আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। এখানে বসবাসকারী অধিকাংশ মানুষই নিম্নআয়ের। এমন দুর্যোগে সমাজের বিত্তবান ও সচেতন মানুষদের এগিয়ে আসা জরুরি।' তিনি আরও বলেন, 'বিএনপি সবসময় অসহায় ও বিপদগ্রস্ত মানুষের পাশে থাকে। এই ঘটনার পর আমাদের দলের স্থানীয় নেতা-কর্মীরা দ্রুত এগিয়ে আসে। পাশাপাশি প্রশাসন ও অন্যান্য সংগঠনও সহযোগিতা করেছে, যা ইতিবাচক।' তিনি বলেন, 'আমাদের প্রধানমন্ত্রী তারেক রহমান অতীতের রাষ্ট্রপ্রধানদের মতো অপচয় করে বড় বড় ভবন নির্মাণে বিশ্বাসী নন। এতে জনগণের ওপর অপ্রয়োজনীয় অর্থনৈতিক চাপ পড়ে। আমরা চাই, সেই অর্থ মানুষের জীবনমান উন্নয়ন, নিরাপদ আবাসন এবং দুর্যোগ মোকাবিলায় ব্যয় করা হোক।' ভবিষ্যতে এ ধরনের দুর্ঘটনা প্রতিরোধে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, 'বিদ্যুৎ সংযোগ ও অবকাঠামোগত ঝুঁকি চিহ্নিত করে দ্রুত ব্যবস্থা নিতে হবে, যাতে এমন মর্মান্তিক ঘটনা আর না ঘটে।'

বিশ্বজুড়ে ভয়াবহ খাদ্যসংকটের

কৃষকরা কম উপকরণ ব্যবহার করে চাষাবাদ করতে বাধ্য হবেন। এর ফলে ফলন ব্যাহত হবে এবং খাদ্যের সহজলভ্যতা কমে যাবে। সতর্ক করে দিয়ে তোরেরো বলেছেন, আগামী কয়েক দিনের মধ্যে হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার বিষয়ে কোনও সমঝোতা যদি হয়ও; ততক্ষণে যা ক্ষতি হওয়ার তা হয়ে গেছে। বাণিজ্য পুণরায় শুরু এবং আগামী কয়েক মাস বাজারের এই ক্ষতি কাটিয়ে ওঠার জন্য ৯০ দিনের একটি সময়সীমা প্রয়োজন। তিনি বলেন, যদি তারা কোনও চুক্তিতে পৌছায়, তাহলে আমাদের হাতে শূন্য থেকে ৯০ দিনের একটি সময় থাকবে। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এক সময়। এর অর্থ হলো তিন থেকে চার মাসের মধ্যে বাজার অধিকাংশ ক্ষতি কাটিয়ে উঠতে পারবে এবং সারের সরবরাহ স্বাভাবিক হবে। এতে পরিস্থিতি শান্ত এবং সম্ভাব্য খাদ্যসংকট এড়ানো যেতে পারে। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানে যৌথ অভিযান শুরুর পর বৈশ্বিক বাণিজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালি দখল করে দেশটির প্রতিরক্ষা বাহিনীর অভিজাত শাখা ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি)। যুক্তরাষ্ট্র-ইসরায়েল ও পশ্চিমা বিশ্ব ইরানি জনগণের 'ন্যায্য অধিকারকে' স্বীকৃতি দেওয়ার আগ পর্যন্ত হরমুজে ইরানি নিয়ন্ত্রণ থাকবে বলে আইআরজিসি ঘোষণা দিয়েছে। ইরানের নতুন সর্বোচ্চ নেতা মোজতবা খামেনের সামরিক উপদেষ্টা মোহসিন রেজায়ি বুধবার এক সাক্ষাৎকারে বলেছেন, ইরানের অধিকারের স্বীকৃতি ও সুরক্ষার আগ পর্যন্ত হরমুজ প্রণালি আমরা ছাড়ব না। পূর্ববর্তী আলোচনার ওপর ভিত্তি করে অবশ্যই সতর্কতার সঙ্গে একটি নতুন চুক্তি করতে হবে এবং সেই চুক্তিতে অর্থনৈতিক ইস্যুগুলোকে প্রাধান্য দিতে হবে। তিনি বলেন, যুক্তরাষ্ট্র দীর্ঘমেয়াদী যুদ্ধকে ভয় পায়, কিন্তু আমরা তাদের মতো নই। দীর্ঘমেয়াদী যুদ্ধের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি এবং অভিজ্ঞতা দু'টিই আমাদের আছে।

মার্কিন অবরোধ মোকাবিলায়

মন্তব্যের জবাবে বলেন, যুক্তরাষ্ট্র ইরানের অর্থনীতিকে চাপ দিয়ে দমিয়ে ফেলছে এমন দাবি বাস্তবতার সঙ্গে পুরোপুরি মেলে না। ইজাদি বলেন, ইরান প্রায় ৬ হাজার কিলোমিটার স্থলসীমান্ত দ্বারা বেষ্টিত, যা বাণিজ্য চালিয়ে যাওয়ার সুযোগ তৈরি করে। তিনি আরও জানান, প্রতিবেশী দেশগুলোর সহায়তা বিশেষ করে উত্তর ও পূর্বের দেশগুলো ইরানকে বিকল্প পথ দিচ্ছে, ফলে যুক্তরাষ্ট্র পুরোপুরি দেশটিকে বিচ্ছিন্ন করতে পারবে না। ইজাদি দাবি করেন, নৌ অবরোধ আন্তর্জাতিক আইনের দৃষ্টিতে অবৈধ হতে পারে, কারণ এটি বেসামরিক জনগণের ওপর চাপ সৃষ্টি করে। বিশেষজ্ঞদের মতে, জাতিসংঘ নিরাপত্তা পরিষদের অনুমোদন ছাড়া কোনো নৌ অবরোধ আরোপ করা হলে তা আন্তর্জাতিক আইনে বিতর্কিত হিসেবে বিবেচিত হয়। প্রতিবেদন অনুযায়ী, চলমান সংঘাতে ইরানে এখন পর্যন্ত অন্তত ২ হাজার ৭৬ জন নিহত এবং ২৬ হাজার ৫০০ জন আহত হয়েছেন।

ইউরোপে ফুরিয়ে যাচ্ছে জেট ফুয়েল

যুক্তরাষ্ট্র-ইসরায়েলের ইরানবিরোধী যুদ্ধের কারণে তেল সরবরাহ অব্যাহতভাবে বাধাগ্রস্ত হলে খুব শিগগির ফ্লাইট বাতিল শুরু হতে পারে। বিরল বলেন, হরমুজ প্রণালির কার্যত বন্ধ হয়ে যাওয়ার কারণে আমরা সম্ভবত আমাদের জীবনের সবচেয়ে বড় জ্বালানি সংকটের মুখোমুখি হয়েছি, যার বৈশ্বিক প্রভাব পড়বে। তিনি বলেন, এই সংকট বিশ্ব অর্থনীতিতে বড় প্রভাব ফেলবে। এই পরিস্থিতি যত দীর্ঘ হবে, বিশ্বজুড়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও মূল্যস্ফীতির ওপর এর প্রভাব ততই খারাপ হবে। এই সংকটের প্রভাব হিসেবে পেট্রোলের দাম বৃদ্ধি, গ্যাসের দাম বৃদ্ধি এবং বিদ্যুতের দাম বৃদ্ধি ঘটবে বলেও সতর্ক করেন আইইএ প্রধান।

গৌরনদীতে এসএসসি পরীক্ষার্থীদের

বিআরডিবি'র উপ-পরিচালক সরোয়ার মোস্তফা, বার্থী ডিগ্রী কলেজের প্রভাষক প্রশান্ত চক্রবর্তী, জহির উদ্দিন দোলন, গৌরনদী সাংবাদিক ফোরামের সাধারন সম্পাদক মোঃ মেহেদী হাসান। মোঃ জুবায়ের আহসানের সঞ্চালনায় বক্তব্য রাখেন সহকারী প্রধান শিক্ষক রুহুল আমীন আলম মোল্লা, গাউছিয়া আবেদীয়া সুন্নীয়া আলীম মাদ্রাসা গভানিং বডির সভাপতি শাহ আলম কবিরাজ, স্কুল ম্যানেজিং কমিটির সদস্য মোঃ শামিম বেগ, উপজেলা বিএনপির সদস্য মোঃ সাদি মীর, ইউনিয়ন বিএনপির সদস্য মোঃ জিয়াউল হক সরদার, বার্থী ইউনিয়ন কৃষক দলের আহবায়ক মোঃ জানে আলম সরদার প্রমুখ। শেষে পরীক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরন বিতরণ করা হয় এবং দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। অপর দিকে একই দিন সকালে গাউছিয়া আবেদয়িা সুন্নীয়া আলিম মাদ্রাসার দাখিল পরীক্ষার্থীদের দোয়ার অনুষ্ঠানের আয়োজন করা হয়। মাদ্রাসার অধ্যক্ষ এসএম আব্দুর রবের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মাদ্রাসা গভানিং বডির সভাপতি শাহ আলম কবিরাজ।

কাউখালীতে অভিযানে বিপুল

উদ্ধার করা ১৫ হাজার মিটার জালের আনুমানিক মূল্য ৭০ হাজার টাকা। এদিকে অভিযানের সময় প্রশাসনের উপস্থিতি টের পেয়ে জেলেরা পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা সম্ভব হয়নি। তবে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, জাটকা রক্ষায় জেলে পাড়াগুলোতে সচেতনতামূলক সভা এবং নদীতে নিয়মিত টহল অব্যাহত থাকবে। কাউখালী উপজেলা মৎস্য অফিসার হাফিজুর রহমান বলেন, জাটকা রক্ষায় আমাদের এই জিরো টলারেন্স নীতি অব্যাহত থাকবে। দেশের মৎস্য সম্পদ রক্ষায় নদ-নদী ও খালে কোনোভাবেই অবৈধ জাল ব্যবহার করতে দেয়া হবে না। যারা আইন অমান্য করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান তিনি।

কাঁঠালিয়ায় চরগড়া জালের

মাছগুলো জালে আটকা না পড়লেও, ভাটার টানে পানি নেমে যাওয়ার সময় জালে আটকা পড়ছে নদীর সব ধরনের পোনা মাছ ও অন্য দেশী প্রজাতির ছোট মাছ। জালের ছিদ্র অত্যন্ত ছোট হওয়ায় জলজ পোকামাকড়ও বের হতে পারে না। স্থানীয় সচেতন মহলের মতে, এভাবে পোনা মাছ নিধন চলতে থাকলে ভবিষ্যতে দেশি মাছের অস্তিত্ব সঙ্কটে পড়বে। জেলেরা জালে আটকা পড়া ছোট মাছগুলো স্থানীয় বাজারে বিক্রি করছেন। স্থানীয় বাসিন্দা মো. বজলুর রহমান মৃধা বলেন, "রাতের আঁধারে এবং ভোরের আলো ফোটার আগে চরগড়া দিয়ে মাছ ধরার মহোৎসব চলে।" রাজাপুর উপজেলা মৎস্য কর্মকর্তা এবং কাঁঠালিয়া উপজেলার অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা গৌতম মন্ডল বলেন, "এ ধরনের জাল ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। চরগড়া বা বেহুন্দি জাল মৎস্য প্রজনন ও বৃদ্ধির জন্য অত্যন্ত ক্ষতিকর হিসেবে বিবেচিত। আমাদের নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে।"

বাউফলের পাঁচ নবজাতকের অসহায়

গণমানুষের প্রিয় নেতা ড. শফিকুল ইসলাম মাসুদ এমপি। তিনি ব্যক্তিগতভাবে পরিবারের খোঁজখবর নিয়েছেন এবং নিয়মিত আর্থিক সহায়তা দিয়ে যাচ্ছেন, যা এই পরিবারটির জন্য এক বড় ভরসা হয়ে উঠেছে। এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার (১৬ এপ্রিল) ড. মাসুদ এমপির পক্ষ থেকে বাংলাদেশ জামায়াতে ইসলামীর বাউফল উপজেলা শাখার দায়িত্বশীল নেতৃবৃন্দ সোহেল হাওলাদারের বাড়িতে যান। এসময় উপস্থিত ছিলেন উপজেলা ভারপ্রাপ্ত আমির মাওলানা রফিকুল ইসলাম এবং সহকারী সেক্রেটারি এটিএম নজরুল ইসলাম। তারা পরিবারটির সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করেন এবং তাদের হাতে আর্থিক সহায়তা তুলে দেন। মানবিক দায়বদ্ধতা ও ইসলামী মূল্যবোধ থেকেই ড. শফিকুল ইসলাম মাসুদ এমপি ও বাউফল উপজেলা জামায়াতে ইসলামী এই পরিবারটির পাশে থাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। তাদের এই সহমর্মিতা এলাকাবাসীর মাঝেও প্রশংসিত হয়েছে। এ বিষয়ে পাঁচ নবজাতকের পিতা সোহেল হাওলাদার বলেন, 'একসাথে পাঁচ সন্তান জন্ম নেওয়ার পর আমি দিশেহারা হয়ে পড়েছিলাম। কীভাবে তাদের লালন-পালন করবো বুঝতে পারছিলাম না। ড. মাসুদ এমপি ও জামায়াতের নেতৃবৃন্দ শুরু থেকে যেভাবে আমাদের পাশে দাঁড়িয়েছেন, তা আমাদের জন্য আল্লাহর রহমত স্বরূপ।' বাউফল উপজেলা জামায়াতের ভারপ্রাপ্ত আমির মাওলানা রফিকুল ইসলাম বলেন, 'মানবতার ফেরিওয়ালা বাউফলের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ এমপি মহোদয় শুরু থেকে এই পরিবারের পাশে ছিলেন। এখনো পরিবারটির পাশে আছেন। ভবিষ্যতেও থাকবেন। মানুষের কল্যাণে কাজ করা আমাদের নৈতিক দায়িত্ব।'

কাউখালীতে কিশোরীদের

হয়েছে। গতকাল দুপুর ১২ ঘটিকার সময়,বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কাউখালী শাখার আয়োজনে,উপজেলার কেউন্দিয়া শহীদ স্মৃতি মাধ্যমিক বালিকা বিদ্যালয় মিলনায়তনে এ কর্মশালা বাস্তবায়ন করা হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) মোঃ মিজানুর রহমানের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার মোঃ আসাদুজ্জামান বিশেষ অতিথি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল হান্নান, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মোঃ মাসুম মিয়া,৩ নং সদর ইউনিয়নের চেয়ারম্যান মোঃ মোস্তাফিজুর রহমান, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আহসান হাবিব মিলুসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে বক্তারা বলেন, বাল্যবিবাহ, ইভটিজিংসহ সামাজিক অবক্ষয় রোধে কিশোরীদের সচেতনতা বৃদ্ধি অত্যন্ত জরুরি। শিক্ষার প্রতি মনোযোগী হয়ে নিজেদের দক্ষ করে তোলারও কোন বিকল্প নেই। শিক্ষাজীবন থেকেই সঞ্চয়ের অভ্যাস গড়ে তুললে ভবিষ্যৎ নিরাপদ করা সম্ভব। জানা যায় এ প্রকল্পের আওতায় একজন উপকারভোগী ২০০ টাকা সঞ্চয় করলে সরকার অতিরিক্ত ৪০০ টাকা প্রদান করছে, যা দরিদ্র নারীদের আর্থিকভাবে স্বাবলম্বী হতে সহায়তা করবে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কিশোরীরা জানান, এ ধরনের কর্মসূচি তাদের জন্য অত্যন্ত উপকারী। তারা পড়াশোনার পাশাপাশি নিজেকে দক্ষ করে গড়ে তোলার এবং বাল্যবিবাহ প্রতিরোধে সচেতন ভূমিকা রাখার অঙ্গীকার ব্যক্ত করেন। অনুষ্ঠান শেষে ৮ জন শিক্ষার্থীকে চেক প্রদান ও ২৬ জন পরীক্ষার্থীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং তাদের মাঝে কলম,স্কেল ও ফাইল বিতরণও করা হয়। অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন, বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মোঃ রকিব হোসেন।

মিথ্যা হত্যা মামলার প্রতিবাদে

চাচাতো ভাই রিয়াজ হাওলাদার ওরফে শুক্কুর হাওলাদার (৬৫) নিজ বাড়িতে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। পরে তাকে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তার দাবি, এটি একটি স্বাভাবিক মৃত্যু হলেও একটি মহল ঘটনাটিকে ভিন্নখাতে প্রবাহিত করার চেষ্টা করছে। তিনি আরও বলেন, ঘটনার দিন জমি বেচাকেনার টাকার বিষয়ে তার সঙ্গে মৃত শুক্কুর হাওলাদারের কথা কাটাকাটি হয়। সে সময় তারা পৃথক স্থানে অবস্থান করছিলেন। এক পর্যায়ে মৃতের দুই ছেলে শুভ (২২) ও শান্ত (১৮) তাকে আক্রমণের উদ্দেশ্যে ধাওয়া করলে তিনি আত্মরক্ষার্থে নিজ ঘরে আশ্রয় নেন বলে দাবি করেন। লিখিত বক্তব্যে তিনি আরো উল্লেখ করেন, ঘটনার কিছুক্ষণ পরই শুক্কুর হাওলাদার অসুস্থ হয়ে পড়েন। পূর্ব থেকেই তার হৃদরোগজনিত সমস্যা ছিল এবং হৃদযন্ত্রে রিং পরানো ছিল বলে জানানো হয়। স্থানীয়রা তাকে দ্রুত হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। শহিদ হাওলাদার অভিযোগ করেন, একটি মহলের প্ররোচনায় মৃতের পরিবার স্বাভাবিক মৃত্যুকে হত্যা হিসেবে প্রচার করে তার বড় ভাই খোকন হাওলাদার, তিনি নিজে এবং ছোট ভাই জাহিদ হাওলাদারকে আসামি করে মামলা দায়ের করেছে। তিনি দাবি করেন, ঘটনার সময় তার দুই ভাই নিজ নিজ কর্মস্থলে ছিলেন এবং ঘটনাস্থলে উপস্থিত ছিলেন না। সংবাদ সম্মেলনে তিনি সাংবাদিকদের প্রতি ঘটনাস্থলে সরেজমিনে তদন্ত করে প্রকৃত সত্য উদঘাটনের আহ্বান জানান। একইসঙ্গে মিথ্যা মামলা প্রত্যাহার এবং সুষ্ঠু তদন্তের মাধ্যমে ন্যায়বিচার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি জোর দাবি জানানো হয়। মানববন্ধনে আরো উপস্থিত ছিলেন মরিয়ম আক্তারসহ সংশ্লিষ্ট পরিবারের সদস্যরা।

ঝালকাঠিতে ইয়াবাসহ

(৩২), এবং শহরের পুরাতন কলাবাগান এলাকার বাসিন্দা, বেল্লাল দেওয়ান-এর মেয়ে মনি আক্তার (৩৭)। পুলিশ জানায়, আটক সোনিয়ার দেহ তল্লাশির সময় তার হাতে থাকা একটি ছোট ব্যাগ থেকে সাদা পলিথিনে মোড়ানো ১৭ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে উপস্থিত সাক্ষীদের সামনে জব্দ তালিকা প্রস্তুত করে ইয়াবাগুলো জব্দ করা হয়। ঝালকাঠি ডিবি পুলিশের একটি সূত্র জানায়, এ ঘটনায় সংশ্লিষ্ট থানায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে। মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে বলেও জানিয়েছে পুলিশ।

কুয়াকাটা সমুদ্রসৈকতে

ইঙ্গিত দেয়। চলতি সপ্তাহের মাঝামাঝি এই সৈকতে আরও একটি ডলফিনের মৃতদেহ ভেসে এসেছিল। স্বেচ্ছাসেবী সংগঠন উপকূল পরিবেশ রক্ষার (উপরা) সদস্য আব্দুল জলিল প্রথম ডলফিনটি দেখতে পেয়ে দ্রুত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করেন। পরে ডলফিন রক্ষা কমিটি, কুয়াকাটা পৌরসভা, বন বিভাগ ও স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন উপরা সদস্যরা যৌথভাবে মৃত ডলফিনটি মাটি চাপা দেন। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, এটি একটি ইরাবতী প্রজাতির ডলফিন। এ প্রজাতির ডলফিনের মাথা গোলাকার এবং সাধারণ ডলফিনের মতো লম্বা ঠোঁট থাকে না। দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার অগভীর উপকূলীয় জল এবং বড় নদীগুলোতে এদের বিচরণ। বিপন্ন এই প্রজাতি সামুদ্রিক বাস্তুতন্ত্রের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উপকূল পরিবেশ রক্ষার আন্দোলনের যুগ্ম আহ্বায়ক আবুল হোসেন রাজু বলেন, 'বারবার মৃত ডলফিন ও কচ্ছপ ভেসে আসা আমাদের সামুদ্রিক পরিবেশের মানের অবনতির ইঙ্গিত দিচ্ছে। অনিয়ন্ত্রিত মাছ ধরা, প্লাস্টিক দূষণএবং নৌযানের অসচেতন চলাচলের কারণে এমনটি হতে পারে।' কুয়াকাটা ডলফিন রক্ষা কমিটির টিম লিডার রুমান ইমতিয়াজ তুষার বলেন, 'এ ধরনের ঘটনা আমাদের জন্য স্পষ্ট অশনিসংকেত। ডলফিনের মৃত্যু উপকূলীয় পরিবেশের অবনতির বার্তা দেয়। দ্রুত কারণ উদ্?ঘাটন করে কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি।' মহিপুর বন বিভাগের রেঞ্জ কর্মকর্তা মো. মনিরুজ্জামান বলেন, ডলফিনটির মৃত্যুর প্রকৃত কারণ নির্ধারণে তদন্ত কার্যক্রম চলছে। পাশাপাশি উপকূলীয় এলাকায় নজরদারি জোরদার করা হয়েছে এবং স্থানীয়দের সচেতন করতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে। সচেতন মহলের মতে, এ ধরনের ঘটনা অব্যাহত থাকলে সামুদ্রিক জীববৈচিত্র্য মারাত্মক হুমকির মুখে পড়বে। তাই দ্রুত কার্যকর ও সমন্বিত পদক্ষেপ গ্রহণ এখন সময়ের দাবি।

চরফ্যাশনে ইজারাদারের

বৃহস্পতিবার ১৬ এপ্রিল চরফ্যাসন সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মামলা দায়ের করেন। মঙ্গলবার ১৪ এপ্রিল দুপুরে মাদ্রাজের সামরাজ স্লুইজ ঘাটে এ হামলার ঘটনা ঘটে। ইজারাদার আবদুল গনি সিকদার জানান, দীর্ঘদিন যাবত তিনি আন্ত:উপজেলা ফেরিঘাট ইজারা নিয়ে ট্রলারের মাধ্যমে মনপুরা উপজেলার চরনিজাম কালকিনি হতে চরফ্যাশন উপজেলার মাদ্রাজের সামরাজ স্লুইজ ঘাট পর্যন্ত যাত্রী পরিবহন সেবা দিয়ে আসছেন। এবছরও সরকারি রাজস্ব পরিশোধ করে ভোলা জেলা প্রশাসক কার্যালয়ের স্থানীয় সরকার শাখা থেকে তিনি ঘাটটি ইজারা পেয়েছেন। মঙ্গলবার ইজাদার গনি সিকদারের ছেলে চালক বেলায়েত সিকদার মনপুরা উপজেলার চরনিজাম কালকিনি হতে যাত্রী নিয়ে চরফ্যাশন উপজেলার মাদ্রাজের সামরাজ স্লুইজ ঘাটে পৌছলে দুপুরে স্থানীয় যুবদল নেতা আল আমিন সিকদারের নের্তৃত্বে ফারুক খলিফা, জাকির হোসেন মিয়াজী, সফিক গোলদার সহ অন্য বিবাদীরা ২লাখ টাকা চাঁদা দাবী করেন। বেলায়েত সিকদার বৈধ ভাবে ঘাট ইজারা পেয়েছেন জানিয়ে চাঁদা দিতে অস্বীকৃতি জানাতেই তারা বেলায়েত সিকদারের উপর হামলা চালিয়ে পিটিয়ে আহত করেন। অভিযুক্ত যুবদল নেতা আল আমিন সিকদারের মুটোফোন ০১৭৭৭৮২৯৮১০ নম্বরে কল করলে তিনি ফোন রিসিভ করেনি। অভিযুক্ত যুবদল নেতা জাকির হোসেন এর কাছে এর সত্যতা জানতে ০১৭১৩৯৬৪৩৭৪ নম্বরে কল করলে তিনি জানান, আমাদের পক্ষ এবং অভিযোগকারী আব্দুল গনি শিকদারের পক্ষ বিগত বছরগুলোতে যৌথভাবে ইজারা নিয়ে ব্যবসা পরিচালনা করে আসছি। এই বছরও যৌথভাবে এর ইজারা নেওয়ার কথা ছিল। বিষয়টি চরফ্যাশন উপজেলা বিএনপি সিনিয়র নেতৃবৃন্দেরও এরকমের সিদ্ধান্ত ও নির্দেশনা ছিল। তবে আব্দুল গনির শিকদার তাদের এ সিদ্ধান্ত অমান্য করে আমাদেরকে বাদ দিয়ে তারা নিজেরা মনগড়া ভাবে ইজারা নিয়ে নতুন বছরে ব্যবসার কার্যক্রম শুরু করতে চেষ্টা করে। এই ঘটনায় দুই পক্ষের মধ্যে মনোমালিন্য হয়। আমি ঘটনাস্থলে ওই সময় ছিলাম না। তবে আমাদের পক্ষের অন্যান্য লোকদের সাথে অভিযোগকারী আব্দুল গনি শিকদারের পক্ষের কথা কাটাকাটি হয়েছে। চাঁদাবাজির ঘটনা সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট। এই ঘটনায় চরফ্যাশন থানা অফিসার ইন চার্জ খলিলুর রহমান জানান, এমন কোন ঘটনা আমার জানা নেই। তবে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

বরিশালে হামে আরও এক

এছাড়া বরিশাল জেলার দুই, বরগুনায় তিন, ঝালকাঠিতে দুই এবং ভোলা জেলায় দুই শিশুর মৃত্যু হয়েছে। এখন পর্যন্ত এক হাজার আট শিশু সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. শ্যামল কৃষ্ণ মন্ডল জানান, হাম পরিস্থিতি গুরুত্বের সঙ্গে মোকাবিলা করা হচ্ছে। আক্রান্তদের যথাযথ চিকিৎসা দিতে সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়েছে এবং নিয়মিত তদারকি চলছে। তিনি আরও বলেন, বিভাগে হামের টিকার কোনো সংকট নেই এবং চলমান ক্যাম্পেইনের মাধ্যমে টিকা দেওয়া অব্যাহত রয়েছে। তবে রোগীর সংখ্যা বেশি হওয়ায় হাসপাতালগুলোতে চাপ বেড়েছে।

ভাণ্ডারিয়ায় জ্বালানি সংকটে

ছাড়াও বিভিন্ন এনজিও কর্মকর্তা,মালাবাহি ট্রাক,ট্রলার টেম্পু, নদীপথে ইঞ্জিন চালিত বোর্ডের জন্য জ্বালানি সংগ্রহ করার জন্য লাইনে দেখা গেছে। অনেক চালকদের মোটর সাইকেলে পেট্রল বা অকটেন না থাকায় ঐ পরিবারের নারী সদস্যদের লাইনে দেখা গেছে। এসময় তারা অভিযোগ করে বলেন, ডিলারদের দেয়া নির্ধারিত সময়ে ই এসে লাইনে দাড়ান তারা। তার পরেও প্রায় দুই থেকে আড়াই ঘন্টা পর জন প্রতি দুই লিটার এবং অতিগুরুত্বপূর্ণ হলে দু এক জনকে চার লিটার পেট্রল দেয়া হয়। আর এইটুকু পেট্রোল দিয়ে কয়টা ট্রিপ দেয়া যায়। এক ঘন্টা পচালানোর পর বসে থাকতে হয়। আর ঐ এক ঘন্টার রোজগারে তো সংসার চলেনা। তার উপর যদি হয় ভাড়ার গারি। তাহলে তাদের প্রতিদিন ভাড়াই দিতে হয় ২০০টাকা। তার পর যা থাকে তাতে চাল,ডাল,নুন কেণার পয়সাও থাকেনা। ক্রেতাদের দাবি প্রতি লিটার পেট্রল ১২৫টাকা দরে কিনতে হয়। কিন্তু ডিলারদের দাবি তারা সরকারি নির্ধারিত ১১৬টাকা লিটারে বিক্রি করেন। ডিজেল কম পেলেও দাম সামান্য একটু বেশি বলেও জানান ক্রেতারা। হতাশ কণ্ঠে তারা বলেন, পরিবার পরিজন নিয়ে জীবন বাঁচানোর জন্য তিনটি স্পটের যে খানে দেয়ার কথা শুনি সেখানেই ছুটে যাই। কিন্তু সেখানের লোকরাই ঠিক ভাবে পায়না। তাই আমাদের গিয়ে খালি ফিরতে হয়। পাওয়ার আশায় যেতে যে টুকু যায় তাও ফাও !! আলাপ কালে স্থানীয় বাসস্ট্যান্ড সংলগ্ন মো. বাইজীদ এন্টার প্রাইজের মালিক নিজেই জানান, তার প্রতি দিন ৬হাজার লিটার চাহিদা থাকলেও তিনি সপ্তাহে (৭দিনে) পায় ১২হাজার লিটার। যার ফলে তার ওখানে আসা সকলকে দিতে না পায়ার একটি নির্ধারিত সময় ২ঘন্টা বা ৩ঘন্টা পর বন্ধ রাখা হয়। ভাণ্ডারিয়া-বরিশাল আঞ্চলিক মহাসড়কের স্থানীয় বার্তভবনে মেসার্স খান এন্টার প্রাইজের মালিক মো. রিপর খাঁন জানান, তার ও চাহিদার থেকে সরবরাহ অনেক কম থাকায় তিনিও সকলের মন রাখতে পারেন না। ১দিন পর ১দিন দিয়ে থাকেন। ভাণ্ডারিয়া-মঠাবাড়িয়া সড়কের স্থানীয় চরখালীতে মো. ফয়সাল খান জানান,আমার এখানে সংকটের কারন হলো পাশ্ববর্তী মঠবাড়িয়া উপজেলায় তুষখালিতে একটি মাত্র পাম্প তা বন্ধ থাকায় ঐ উপজেলার সকল চালকরা আমার এখানে আসে। আর যারা আগে আসে তাদেরকে বাদ দিয়ে অন্যকে দেয়ার সুযোগ থাকেনা। আর মঠবাড়িয়া উপজেলাটি একটি পেরীসভা এবং ১০টি ইউনিয়সহ জনবহুল উপজেলা। তারা ছাড়াও আমার স্পটটি কচাঁ নদী তীর বর্তী হওয়ায় নদ-নদীতে চলাচলকারী নৌযানও বেশি এবং নদীর ওপারে ইন্দুরকানী(জিয়ানগর) উপজেলা থেকেও মানুষ আসে যার ফলে কিছু সংকট তৈরী হয়। ফয়সাল খান আরো জানান,ডিজেলের থেকে অকটেন সংকট তীব্র। আর সড়কযান গুলো ভালো রাখতে ক্রেতারা অকটেন ই বেশি খোঁজে। তাই পেট্রোলের পাশাপাশি অকটেনের সরবরাহ দরকার। এবিষয়ে ভাণ্ডারিয়া উপজেলা ও পৌর প্রশাসক ,উপজেলা নির্বাহী অফিসার মো. হাসিবুল হাসান জানান,যদিও বৈশ্বিক সংকট আছে। তার পরেও আমাদের এখানে যদি ডিলারগণ তাদের চাহিদা পত্র আমাদের দেয় তা হলে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আমরা ডিপো মালিকদের সাথে যোগাযোগ করে সংকট সমাধানের চেষ্টা করব।

শাস্তির আওতায় আসছেন

অধিদপ্তরের নিরীক্ষা কার্যক্রমে স্কুল ও কলেজ পর্যায়ে ৪৭১ জন জাল ও ভুয়া সনদধারী শিক্ষক-কর্মচারী শনাক্ত করা হয়েছে। তাদের বিস্তারিত তথ্যসহ তালিকা পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। চিঠিতে আরও বলা হয়, 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫' অনুযায়ী তালিকাভুক্ত এসব শিক্ষক-কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, ভুয়া সনদধারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের পাশাপাশি এমপিও সুবিধা বাতিলসহ আর্থিক অনিয়মের বিষয়েও কঠোর পদক্ষেপ নেওয়া হবে।

ন্যায় বিচার নিশ্চিতে গ্রাম

১১ টায় মুলাদী উপজেলা নির্বাহি কর্মকর্তার রুমে অনুষ্ঠিত সভায় স্থানীয় সরকার অধিদপ্তরের উপ-পরিচালক দীনেশ সরকার তার বক্তব্যে জন্ম মৃত্যুর নিবন্ধনের টার্গেট, গ্রাম আদালতের আইন সংক্রান্ত ও টার্গেট পূরণ এবং ইউনিয়ন পরিষদের সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেন। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ গোলাম সারোয়ার, মুলাদী উপজেলা সহকারী কমিশনার ভূমি পরাগ শাহা, মুলাদী পৌরসভার নির্বাহী কর্মকর্তা শফিউল আলম, উপজেলা গ্রাম আদালতের কো অর্ডিনেটর দীপা ঘরামী সহ ইউনিয়ন কর্মকর্তাগণ ও ইউনিয়ন হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর প্রমুখ।

টরকী বন্দরের অবৈধ

করেন। অবৈধ দখলদারদের আগামি ২৪ ঘন্টার মধ্যে স্থাপনা সরিয়ে নেয়ার নির্দেশ দেয়া হয়। উক্ত সময়ের মধ্যে অবৈধ দোকান ঘর, বাসা-বাড়ি না সরালে উচ্ছেদ করা হবে বলে সর্তক করে দেন।

মেহেন্দিগঞ্জে ইয়াবা-গাঁজাসহ

২৭, পিতা- মৃত আবু তাহের হাওলাদার, সাং- বালিয়া, ০৩ নং ওয়ার্ড, উত্তর উলানিয়া ৩. শহীদ বেপারী ৩৫, পিতা- মৃত গনী বেপারী, সাং- দড়িরচর খাজুরিয়া ৪. মনির শিকদার ৩৫, পিতা- মৃত মানিক সিকদার, সাং- অম্বিকাপুর ৫. মো. জাফর শাহ ৩০, পিতা- মৃত মাহেব হোসেন শাহ, সাং- অম্বিকাপুর সর্ব থানা- মেহেন্দিগঞ্জ, জেলা- বরিশাল। পুলিশ জানায়, আটকের সময় তাদের কাছ থেকে বিপুল পরিমাণ ইয়াবা ট্যাবলেট ও গাঁজা উদ্ধার করা হয়। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা দায়ের করে বুধবার বিজ্ঞ আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে। কোণঠাসা মাদক সিন্ডিকেট, স্বস্তিতে এলাকাবাসী* পুলিশের লাগাতার অভিযানে রীতিমতো কোণঠাসা হয়ে পড়েছে উপজেলার মাদক সিন্ডিকেট। গ্রেফতার আতঙ্কে অনেকে গা-ঢাকা দিয়েছে, কেউ কেউ পুরনো পেশা ছেড়ে দিয়েছে, আবার অনেকে এলাকা ছেড়ে পালিয়েছে। স্থানীয়রা বলছেন, কয়েক মাস আগেও সন্ধ্যার পর বিভিন্ন স্পটে মাদকসেবীদের প্রকাশ্য আড্ডা বসতো। এখন সেই চিত্র পাল্টে গেছে। এ বিষয়ে মেহেন্দিগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোঃ মিজানুর রহমান কঠোর হুঁশিয়ারি দিয়ে বলেন, "মাদকের বিরুদ্ধে আমাদের অবস্থান জিরো টলারেন্স। মেহেন্দিগঞ্জের মাটিতে কোনো মাদক কারবারি, সেবনকারী বা আশ্রয়-প্রশ্রয়দাতার ঠাঁই হবে না। আমাদের অভিযান চলমান থাকবে।" মাদক নির্মূলে পুলিশের এমন কঠোর ভূমিকায় সন্তোষ প্রকাশ করেছেন উপজেলার সচেতন মহল।

মেহেন্দিগঞ্জ অতিরিক্ত দামে তেল বিক্রির দায়ে ৩০ হাজার টাকা জরিমানা

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

মেহেন্দিগঞ্জ উপজেলার চানপুর ইউনিয়নের খন্তাখালী এলাকায় গোয়েন্দা তথ্যের ভিত্তিতে আজ বিকেলে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও থানা ভারপ্রাপ্ত কর্মকর্তার নেতৃত্বে এক বিশেষ অভিযান পরিচালনা করা হয়েছে। এসময় অতিরিক্ত দামে ডিজেল ও পেট্রোল বিক্রির দায়ে মুদি দোকানদার আঃ রশিদ আকনকে আটক করেন প্রশাসন। তার স্বীকারোক্তিতে এক আত্মীয়ের বাড়ির আঙিনা থেকে ৬০০ লিটার ডিজেল(তিন ব্যারেল) ও ৬০ লিটার পেট্রোল জব্দ করা হয়। বিকেল ৫ টায় ভ্রাম্যমান আদালতের বিচারক ও মেহেন্দিগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ রিয়াজুর রহমান ২০০৯ সালের ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৪০ ধারায় তাকে ৩০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ১ বছরের কারাদন্ড প্রদান করেন। পরবর্তীতে অভিযুক্ত আঃ রশিদ আকন ৩০ হাজার টাকা নগদ জরিমানা প্রদান করে মুক্তি পান। এবিষয়ে মেহেন্দিগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা সংবাদ মাধ্যমকে জানান, যে বা যাহারা জ্বালানি তেল মজুত এবং সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত দামে বিক্রি করবেন তাদের বিরুদ্ধে এই অভিযান অব্যাহত থাকবে।

পদ্মা ব্যারাজ নির্মাণ ব্যয় ৩৪ হাজার কোটি টাকা, ২০৩৩ সালের মধ্যে বাস্তবায়ন

কীর্তনখোলা ডেস্ক

পদ্মা ব্যারাজ নির্মাণ প্রকল্পকে বর্তমান সরকার অগ্রাধিকার দিয়েছে। দেশের অন্যতম বড় অবকাঠামো নির্মাণে প্রস্তাবিত ব্যয় ধরা হয়েছে ৩৪ হাজার ৪৯৭ কোটি ২৫ লাখ টাকা। প্রকল্পটি বাস্তবায়নের সময়সীমা নির্ধারণ করা হয়েছে ২০২৬ সাল থেকে ২০৩৩ সালের জুন পর্যন্ত। বৃহস্পতিবার জাতীয় সংসদের অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে এই তথ্য জানান পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি। সরকারদলীয় সংসদ সদস্য হারুন-অর-রশিদের প্রশ্নের জবাবে পানিসম্পদমন্ত্রী বলেন, পানিসম্পদ মন্ত্রণালয় থেকে পদ্মা ব্যারাজ নির্মাণ প্রকল্পের ডিপিপি (প্রকল্প প্রণয়ন, অনুমোদন এবং বাস্তবায়নে নির্ধারিত বিস্তারিত প্রস্তাব) ইতিমধ্যে প্রণয়ন করে পরিকল্পনা কমিশনে পাঠানো হয়েছে। প্রকল্পটির প্রস্তাবিত ব্যয় নির্ধারণ করা হয়েছে ৩৪ হাজার ৪৯৭ কোটি ২৫ লাখ টাকা। প্রকল্পটির বাস্তবায়নকাল ধরা হয়েছে ২০২৬ সাল থেকে জুন ২০৩৩ পর্যন্ত। সরকারদলীয় এমপি শামছুর রহমান শিমুল বিশ্বাসের আরেকটি প্রশ্নের জবাবে শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি বলেন, সরকারের ১৮০ দিনের কর্মসূচির আওতায় জুন ২০২৬ পর্যন্ত পানিসম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ও কৃষি মন্ত্রণালয় ১ হাজার ২০৪ কিলোমিটার খাল খনন অথবা পুনঃখনন করবে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক জুন ২০২৬ পর্যন্ত কাবিখা, কাবিটা, টিআরের মাধ্যমে ১ হাজার ৫০০ কিলোমিটার খাল পুনঃখনন অথবা সংস্কার হবে। পানিসম্পদ মন্ত্রণালয় গৃহীত খাল খনন কর্মসূচির আওতায় চলতি অর্থবছরের জুন পর্যন্ত ৩৫৩ কিলোমিটার খাল পুনঃখননের সংস্থান রয়েছে। গত ৩১ মার্চ পর্যন্ত ১২৩ কিলোমিটার খাল পুনঃখনন শেষ হয়েছে। এই বিবেচনায় দৃশ্যমান অগ্রগতি শতকরা ৩৫ ভাগ। আগামী ১৮০ দিনের মধ্যে ২৯২ কিলোমিটার বাঁধ নির্মাণ, ৩১৬ কিলোমিটার নদ-নদীর ড্রেজিং ও ডুবোচর অপসারণ, ৮০০টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ, ২৫০ কিলোমিটার নদীতীর প্রতিরক্ষার কাজ চলমান আছে।

সংরক্ষিত আসনে বিএনপির মনোনয়নপ্রত্যাশীদের সাক্ষাৎকার আজ ও কাল

কীর্তনখোলা ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সংরক্ষিত নারী আসনে বিএনপির দলীয় মনোনয়ন ফরম জমা দেওয়া প্রার্থীদের সাক্ষাৎকারের তারিখ ও সময় ঘোষণা করা হয়েছে। আজ শুক্র ও কাল শনিবার (১৭ ও ১৮ এপ্রিল) গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এই সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। দলের সিনিয়র যুগ্ম-মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রথম দিন অর্থাৎ ১৭ এপ্রিল (শুক্রবার) বেলা ৩টা থেকে রাজশাহী বিভাগ, রংপুর বিভাগ, খুলনা বিভাগ, বরিশাল বিভাগ ও ফরিদপুর বিভাগের প্রার্থীদের সাক্ষাৎকার নেওয়া হবে। পরদিন ১৮ এপ্রিল (শনিবার) একই সময়ে অর্থাৎ বেলা ৩টা থেকে ঢাকা বিভাগ, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা বিভাগ, সিলেট বিভাগ ও ময়মনসিংহ বিভাগের মনোনয়ন প্রত্যাশীদের সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। সংরক্ষিত নারী আসনে সংসদ সদস্য হতে যারা ইতোমধ্যে দলীয় মনোনয়ন ফরম পূরণ করে জমা দিয়েছেন, তাদের নির্দিষ্ট তারিখ ও সময়ে গুলশান কার্যালয়ে উপস্থিত থাকার জন্য বিজ্ঞপ্তিতে অনুরোধ জানানো হয়েছে।

হাম ও হামের উপসর্গ নিয়ে আরও ৮ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশে গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে আরও আটজন মারা গেছেন। তাদের মধ্যে দুজন হাম আক্রান্ত হয়েই মারা গেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি ছয়জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হাম ও হাম সন্দেহে আটজনের মৃত্যু হয়েছে। এছাড়া ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৩৪ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ১৭২ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে তিন হাজার ৬৫ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ২০ হাজার ৩৫২ জন। এ পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ১৩ হাজার ১২৯ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ১০ হাজার ৪৯৬ জন।

ইউরোপে ফুরিয়ে যাচ্ছে জেট ফুয়েল মজুত আছে মাত্র ছয় সপ্তাহের

কীর্তনখোলা ডেস্ক

ইউরোপে উড়োজাহাজ চলাচলের জন্য জেট ফুয়েলের মজুত 'ছয় সপ্তাহের মতো' রয়েছে বলে জানিয়েছেন আন্তর্জাতিক জ্বালানি সংস্থার প্রধান ফাতিহ বিরল। বার্তা সংস্থা এপিকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি সতর্ক করে বলেন

৩ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ১৭ এপ্রিল ২০২৬ ॥ ০৪ বৈশাখ ১৪৩৩

মার্কিন অবরোধ মোকাবিলায় ইরানের 'বহু বিকল্প' রয়েছে

কীর্তনখোলা ডেস্ক

ইরান যুক্তরাষ্ট্রের নৌ অবরোধের মধ্যেও অর্থনীতি টিকিয়ে রাখতে সক্ষম হবে বলে দাবি করেছেন তেহরান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ফোয়াদ ইজাদি। তিনি যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের ডেপুটি চিফ অব স্টাফ স্টিফেন মিলারের

৩ এর পাতায় দেখুন

বরিশালে হামে আরও এক শিশুর মৃত্যু, নতুন ভর্তি ১২৯

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে নতুন করে হাম উপসর্গ নিয়ে আয়েশা নামে দেড় মাস বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে হাম উপসর্গ নিয়ে নতুন করে ১২৯ শিশু বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। এ নিয়ে বিভাগে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে এক হাজার ৫৪১ এবং মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৮ জনে। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) দুপুরে বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয় বিয়ষটি নিশ্চিত করেছে। স্বাস্থ্য বিভাগের তথ্য মতে, নতুন ভর্তি রোগীর মধ্যে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে রয়েছেন ৩০ এবং বরিশাল সিটি করপোরেশন এলাকায় শনাক্ত হয়েছেন আরও ১০ জন। এছাড়া পটুয়াখালীতে ১৮, ভোলায় ১১, পিরোজপুরে ১১ এবং বরগুনায় ৩৩ শিশু আক্রান্ত হয়েছেন। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, এ পর্যন্ত সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। সেখানে ৯ শিশুর মৃত্যু হয়েছে।

৩ এর পাতায় দেখুন

বিশ্বজুড়ে ভয়াবহ খাদ্যসংকটের শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক

হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলে বিঘ্ন ঘটায় বিশ্বজুড়ে ফসল বপনের মৌসুমে ব্যাঘাত ঘটছে। এর ফলে বৈশ্বিক খাদ্যসংকট আসন্ন এবং পরিস্থিতি মোকাবিলায় 'সময় ফুরিয়ে আসছে' বলে বৃহস্পতিবার সতর্ক করে দিয়েছেন জাতিসংঘের এক অর্থনীতিবিদ। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) প্রধান অর্থনীতিবিদ ম্যাক্সিমো তোরেরো বলেছেন, ''বর্তমানে বাংলাদেশ, পাকিস্তান, শ্রীলঙ্কা, ভারত, সুদান, কেনিয়াসহ ব্রাজিল ও থাইল্যান্ডের মতো দেশে ফসল বপনের মৌসুম চলছে।'' তিনি বলেন, যদি হরমুজ প্রণালিতে এই অচলাবস্থা চলতে থাকে যা বিশ্বের ৩৫ শতাংশ জ্বালানি তেল, ২০ শতাংশ প্রাকৃতিক গ্যাস এবং ২০ থেকে ৩০ শতাংশ সারের জোগান দেয়; তাহলে

৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় জ্বালানি সংকটে রেন্ট-এ কার চালকদের মানবেতর জীবনযাপন

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় জ্বালানি তেলের সংকটের কারনে রেন্টএকার মোটরসাইকেল চালকরা বর্তমানে মানবেতর জীবন যাপন করছেন। বুধবার(১৫এপ্রিল) বিকালে উপজেলা সদরের ভাণ্ডারিয়া-বরিশাল আঞ্চলিক মহাসড়কের স্থানীয় বার্তাভবনে মেসার্স খান এন্টার প্রাইজের সামনে কয়েকশত মোটর সাইকেল পেট্রল বা অকটেন নেয়ার জন্য দীর্ঘ লাইনে দাড়িয়ে থাকতে দেখা গেছে। এসময় প্রায় শতাধিক রেন্টকার মোটর সাইকেল চালক,ঔষধ কোম্পানির বিপনন কর্মী

৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে আগুনে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠি পৌরসভার শ্মশানঘাট এলাকায় ভয়াবহ আগুনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর মাঝে খাদ্য সহায়তা বিতরণ করেছেন প্রধানমন্ত্রী ও বিএনপি'র চেয়ারম্যান তারেক রহমানের উপদেষ্টা জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ড. জিয়াউদ্দিন হায়দার। বৃহস্পতিবার দুপুর ১২টায় ঘটনাস্থল পরিদর্শন শেষে তিনি এ সহায়তা দেন। সামাজিক সংগঠন হিউম্যান অ্যাকর্ড ডেভেলপমেন্ট সোসাইটি (হ্যাডস)-এর সহযোগিতায় ক্ষতিগ্রস্ত ১৭টি পরিবারের মাঝে চাল, ডাল, আলু

৩ এর পাতায় দেখুন

কুয়াকাটা সমুদ্রসৈকতে আবারও মৃত ডলফিন

কলাপাড়া প্রতিনিধি

কুয়াকাটা সমুদ্রসৈকতে একের পর এক ভেসে আসছে সামুদ্রিক প্রাণীর মৃতদেহ। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) সকাল ৬টার দিকে সৈকতের জিরো পয়েন্টের পশ্চিম পাশে জোয়ারের পানির সঙ্গে ভেসে এসেছে একটি মৃত ডলফিন। প্রত্যক্ষদর্শীরা জানান, ডলফিনটির শরীরের চামড়া উঠে গেছে, পেট ফেটে গেছে এবং বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন দেখা গেছে, যা এর অস্বাভাবিক মৃত্যুর

৩ এর পাতায় দেখুন

কাঁঠালিয়ায় চরগড়া জালের মহোৎসব চলছে

কাঁঠালিয়া প্রতিনিধি

ঝালকাঠির কাঁঠালিয়ায় প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে নদী ও খাল-বিলে নিষিদ্ধ চরগড়া জাল দিয়ে অবাধে চলছে ছোট মাছ নিধন। স্থানীয় এক শ্রেণির অসাধু মৎস্যজীবী আইনের তোয়াক্কা না করে এই ধ্বংসাত্মক কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে, যা হুমকির মুখে ফেলছে এ অঞ্চলের মৎস্য সম্পদকে। উপজেলার বিশখালী নদীসহ বিভিন্ন অভ্যন্তরীণ খালে নিষিদ্ধ চরগড়া জালের ব্যবহার আশঙ্কাজনক হারে বেড়েছে। প্রশাসনের নজরদারি এড়িয়ে প্রভাবশালী কিছু অসাধু মৎস্যজীবী প্রতিদিন এই জালের মাধ্যমে রেনু ও পোনা মাছ নিধন করছেন। সরেজমিনে দেখা গেছে, উপজেলার বিভিন্ন পয়েন্টে নদীর পাড় ঘেঁষে এবং খালের মুখে খুঁটি পুঁতে সূক্ষ্ম ছিদ্রের এই বিশেষ জাল (চরগড়া) পেতে রাখা হয়। জোয়ারের সময়

৩ এর পাতায় দেখুন

বাউফলের পাঁচ নবজাতকের অসহায় পরিবারে ড. মাসুদ এমপির সহায়তা

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলার কালিশুরি ইউনিয়নের সিংহেরাকাঠী গ্রামের এক ছোট্ট ঘরে একসাথে ভেসে উঠেছিল পাঁচটি নবজাতকের কান্না। আনন্দের সেই মুহূর্তের সাথে মিশে ছিল অনিশ্চয়তা আর দুশ্চিন্তার দীর্ঘশ্বাস। একসাথে তিন ছেলে ও দুই মেয়ের জন্ম যেন আশীর্বাদ, আবার একইসঙ্গে কঠিন বাস্তবতার এক বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায় দরিদ্র পিতা সোহেল হাওলাদারের পরিবারের জন্য। গত ৬ অক্টোবর ২০২৫ সালে জন্ম নেওয়া এই পাঁচ নবজাতকের লালন-পালনের ব্যয় মেটাতে হিমশিম খাচ্ছে পরিবারটি। নিত্যদিনের খাবার, চিকিৎসা, পোশাক সবকিছুই যেন এক বিশাল বোঝা হয়ে দাঁড়িয়েছে তাদের জন্য। এমন কঠিন সময়ে শুরু থেকেই এই অসহায় পরিবারটির পাশে দাঁড়িয়েছেন বাউফলের

৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে ইজারাদারের ছেলেকে পিটিয়ে জখম

চরফ্যাশন প্রতিনিধি

চরফ্যাশনে ইউনিয়ন যুবদল নেতাদের দাবীকৃত চাঁদা না দেওয়ায় আন্ত: উপজেলা ফেরিঘাট ইজারাদার আবদুল গনি সিকদারের ছেলের উপর হামলার অভিযোগ পাওয়া গেছে। হামলায় আহত বেলায়েত সিকদার (৩৫) কে চরফ্যাশন উপজেলা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এঘটনায় ইজাদার আবদুল গনি সিকদার বাদী হয়ে যুবদল নেতা আল আমিন সিকদারসহ ৬জনকে বিবাদী করে

৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে ইয়াবাসহ ৩ নারী আটক

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠি সদর উপজেলায় মাদকবিরোধী অভিযানে ৩ নারীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। এ সময় তাদের কাছ থেকে ১৭ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। বুধবার (১৫ এপ্রিল) রাত সাড়ে ৯টার দিকে শহরের কাঠপট্টি খেলার মাঠ সংলগ্ন উদ্বোধন সুপার মার্কেট এলাকার সামনে এ অভিযান চালানো হয়। জেলা গোয়েন্দা পুলিশের উপপরিদর্শক (এসআই) সুজন চন্দ্র রায়ের নেতৃত্বে একটি দল গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান পরিচালনা করে। আটকরা হলেন, রাজাপুর উপজেলার মঠবাড়ি ইউনিয়নের মাংকি গ্রামের বাসিন্দা, মো. তোফাজ্জল খান এর মেয়ে মোসা. সোনিয়া (৩৫), ঝালকাঠি শহরের পার কিফায়েত নগর এলাকার বাসিন্দা, তোফাজ্জেল খান-এর মেয়ে মোসা. শারমিন বেগম

৩ এর পাতায় দেখুন

কাউখালীতে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে "বাল্য বিবাহকে না বলি,সঞ্চয়ে ভবিষ্যৎ গড়ি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে, উপজেলার দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-এর দ্বিতীয় পর্যায়ের আওতায় কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ, প্রশিক্ষণ সামগ্রী ও চেক বিতরণ কর্মসূচী অনুষ্ঠিত

৩ এর পাতায় দেখুন

মিথ্যা হত্যা মামলার প্রতিবাদে নগরীতে মানববন্ধন

কীর্তনখোলা রিপোর্ট

মিথ্যা হত্যা মামলার প্রতিবাদ এবং প্রকৃত ঘটনা উদঘাটনের দাবিতে বরিশালে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল ১৬ এপ্রিল (বৃহস্পতিবার) সকালে নগরীর অশ্বিনী কুমার টাউন হলের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ সময় লিখিত বক্তব্যে মোঃ শহিদ হাওলাদার ও তার পরিবারের বিরুদ্ধে দায়ের করা মামলাকে ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেন। লিখিত বক্তব্যে তিনি জানান, গত ৩১ মার্চ ২০২৬ তারিখে তার

৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে এসএসসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও মিলাদ-দোয়া

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী উপজেলার বাউরগাতী মাধ্যমিক বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও বার্ষিক মিলাদ-দোয়া এবং শিক্ষা উপকরন বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে স্কুলের হলরুমে বিদায় সংবর্ধনা অনুষ্ঠান বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি, বরিশাল জেলা উত্তর বিএনপির সদস্য অ্যাডভোকেট এসএম মনিরুজ্জামানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বার্থী ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ কাজী আব্দুস সালাম। বিশেষ অতিথি ছিলেন গৌরনদী প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহির, সাবেক সভাপতি মোঃ গিয়াস উদ্দিন মিয়া, সদস্য কাজী আল আমীন, প্রধান শিক্ষক রেবেকা সুলতানা

৩ এর পাতায় দেখুন

কাউখালীতে অভিযানে বিপুল পরিমাণ অবৈধ জাল উদ্ধার

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে জাটকা সংরক্ষণ অভিযানে উপজেলা প্রশাসন ও মৎস্য অধিদফতরের যৌথ অভিযানে বিপুল পরিমাণ অবৈধ জাল উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) সকালে উপজেলার চিড়াপাড়া নদী ও নদীর পাশে বিভিন্ন খালে এই অভিযান চালানো হয়। উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো: আসাদুজ্জামানের নির্দেশনায় উপজেলা মৎস্য অফিসার হাফিজুর রহমান ও নৌ-পুলিশের উপস্থিতিতে পরিচালিত এই অভিযানে ১২টি অবৈধ চরগড়া জাল উদ্ধার করা হয়। এছাড়া অভিযান শেষে উদ্ধার করা জালগুলো জনসম্মুখে পুড়িয়ে ধ্বংস করা হয় বলে জানা গেছে। মৎস্য বিভাগ ধারণা করছে

৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে ইয়াবা-গাঁজাসহ গ্রেফতার ৫

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ

মাদকাসক্তির অভিশাপ থেকে মেহেন্দিগঞ্জ উপজেলাকে মুক্ত করতে কঠোর অবস্থানে থানা পুলিশ। এরই ধারাবাহিকতায় গত দুই দিনে পুলিশের পৃথক অভিযানে ইয়াবা ও গাঁজাসহ ৫ জন চিহ্নিত মাদক কারবারিকে গ্রেফতার করা হয়েছে। থানা সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। গ্রেফতারকৃতরা হলেন: ১. ফয়সাল সিকদার ৩০*, পিতা- কবির হোসেন সিকদার, সাং- বালিয়া, ০৩ নং ওয়ার্ড, উত্তর উলানিয়া ২. শামীম হাওলাদার

৩ এর পাতায় দেখুন

টরকী বন্দরের অবৈধ উচ্ছেদ অভিযান

গৌরনদী প্রতিনিধি

দক্ষিণাঞ্চলের প্রচীনতম ব্যবসায়ী বন্দর বরিশালের গৌরনদী উপজেলা টরকী বন্দরে উপজেলা প্রশাসন বিভিন্ন অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা করেছেন। বুধবার বিকেলে উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মোঃ ইব্রাহীম, উপজেলা সহকারী কমিশনার ভূমি মোঃ মেহেদী হাসান, পৌর নির্বাহী কর্মকর্তা হারুন অর রশিদ, টরকী বন্দর ব্যবসায়ী সমিতির সভাপতি শরীফ সাহাবুব হাসান সহ অন্যান্যরা বন্দর পরিদর্শন করে অবৈধ স্থাপনা নির্নয়

৩ এর পাতায় দেখুন

শাস্তির আওতায় আসছেন দেশের জাল সনদধারী সেই ৪৭১ শিক্ষক

কীর্তনখোলা ডেস্ক

জাল ও ভুয়া সনদ ব্যবহার করে দেশের বিভিন্ন এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পাওয়া ৪৭১ শিক্ষক-কর্মচারীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের (ডিআইএ) তদন্তে এসব ভুয়া সনদধারী শনাক্ত হওয়ার পর তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরকে (মাউশি) নির্দেশ দেওয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, তালিকাভুক্ত ওই ৪৭১ জন শিক্ষকের এমপিও (মান্থলি পেমেন্ট অর্ডার) বাতিলের পাশাপাশি চাকরিকালে গ্রহণ করা বেতন-ভাতাও ফেরত নেওয়ার উদ্যোগ নেওয়া হবে। এ বিষয়ে পাঠানো চিঠিতে বলা হয়েছে, পরিদর্শন ও নিরীক্ষা

৩ এর পাতায় দেখুন

ন্যায় বিচার নিশ্চিতে গ্রাম আদালত সক্রিয় করার তাগিদ

মুলাদী প্রতিনিধি

গ্রামের সাধারণ জনগণের ন্যায় বিচার নিশ্চিতে গ্রাম আদালত সক্রিয় করার জন্য ইউনিয়ন পরিষদের কর্মকর্তাদের এক যোগে কাজ করার উপর গুরুত্ব দিলেন বরিশালের ডিডিএলজি। মূলাদীতে পরিদর্শনে এসে বিভিন্ন দিক নির্দেশনা দিলেন স্থানীয় সরকার অধিদপ্তরের উপ-পরিচালক দীনেশ সরকার । বুধবার বেলা

৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি
নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫

চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com